Department Of Media Studies And Journalism

Internship Report

Prepared By

Abu Salak Al Masruf

221012016

Term: Summer 2025

Course Code: MSJ 4298

Host Organization: The Daily Star

Submission Date: 25-08-2025

Table Of Contents

Students and Internship Details	3
Acknowledgement	4
Plagiarism Declaration	5
Internship Report Approval Form	6
Introduction	7
Objectives and Expectations	8
Host Organization	9
Organogram	10
Work Environment	11
Task as an Intern	12
Project 1	14
Project 2	23
Project 3	30
Project 4	38
Project 5	46
Project 6	54
Project 7	62
Project 8	67
Project 9	73
Project 10	85
Internship Outcome	92
Workplace log	93
Self-Assessment Form	97
Professional competencies	99
Appendix	100

Student Details

Name	Abu Salak Al Masruf
ID	221012016
Department	Media Studies and Journalism
Major Concentration	Digital Journalism
Minor Concentration	Business Administration
Career Objectives	To build a career as a professional journalist in a legacy media organization.

Internship Details

Host Organization	The Daily Star
Address	64-65 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215
Website	www.thedailystar.net
Host Organization Supervisor	Mohammed Ishtiaque Khan
Internship Area	Online, Sub-editor
Internship Start Date	19 May, 2025
Internship End Date	18 August, 2025
Average Working Hours	07 Hours
Weekly Working Hours	42 Hours
Total Working Period	12 Weeks

Acknowledgement

First of all, I would like to express my bottomless gratitude to the Almighty Allah for giving me the strength and ability throughout my journey.

I am thankful to my family, friends, and relatives for their courage and inspiration. Most importantly, I am grateful to my parents, especially my elder brother. Their support, guidance, sacrifice, and love helped me to grow for a better future.

I am also grateful to the University of Liberal Arts Bangladesh for giving me the opportunity to grow as an individual and create the path for my career. ULAB has given me the opportunity to chase the difficulties and enrich my confidence to take challenges. ULAB has given me the opportunities to learn about journalism and supported me to grow as a media professional. I am deeply grateful to all the faculty members at ULAB who have taught me over the last four years. Their knowledge, experiences, and guidance helped me to become a media professional. ULAB was a place where I found confidence and inspiration to become a good human being. It was the place where I dreamed of being a good journalist.

I want to give special thanks to my internship advisor, Syeda Sadia Mehjabin, for her guidance and supervision throughout my internship. She always gave me the direction to do my internship in an appropriate way. Whenever I faced challenges, she was always there to help me to overcome the situation. Her guidance made my internship journey easier and meaningful.

I am also thankful to my host organization, The Daily Star, for giving me the opportunity to be a part of this leading newspaper and gain real experience in journalism.

Special thanks to my supervisor, Mohammed Ishtiaque Khan. His continuous support and direction helped me to learn real journalism. His feedback and inspiration over the three months helped me to improve my skills in journalism.

This internship has played an important role in my academic and professional career. I am really thankful to everyone who supported me throughout my internship period.

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works, or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying but also the extensive use of another person's ideas without proper acknowledgement (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong, and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow, anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Abu Salak Al Masruf
ULAB ID: 221012016

Signature Abu Salak Al Masruf

MSJ042

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name: Abu Salak Al Masruf ID No: 221012016

Major: Digital Journalism Year: 2025

Local Phone: 01704332363 Email: abu.salak.msj@ulab.edu.bd

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: The Daily Star

Internship /Project Report

Topic: Sub-editor

Semester (Tick one): ☐ Spring 2025 ☑ Summer 2025 ☐ Fall 2025

Advisor APPROVAL

(Please place a Tick)

☑ Approved ☐ Not Approved ☐ Partial Re-write ☐ Full Re-write

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

____

Signature: ________________________________ Date:

Name: Syeda Sadia Mehjabin Title: Senior Lecturer

E-mail: sadia.mehjabin@ulab.edu.bd
Phone: 01713008008

MSJ042(00)

Introduction

My journey at ULAB started in the ‘Spring Semester’ of 2022. It was a great experience for me to learn the basic and core principles of the media and journalism. In the first few semesters I have learned about the concepts of communication. I have completed the core courses that helped me to gain knowledge about mass communication and journalism.

After completing 36 credits, I was a little bit confused about which majors to take. After consulting with my adviser and seniors, I have decided to take digital journalism as the major and business administration (BBA) as the minor.

When I was completing the major courses, I developed my knowledge and skills about journalism. In my core courses I learned about communication concepts as well as media ethics. In the core courses I learned how to write press releases, feature stories, and blog posts. In the convergence communication courses I learned how to work in Adobe Premiere Pro and Adobe Photoshop. In the major courses I learned how to write news and translate news, as well as gained experience covering event stories and interview-based analytical reports. I also learned how to produce digital stories by using mobile phones. I also gained real-time experience by doing news packages, Facebook Lives, and multimedia stories. I completed these tasks both in core and major courses, and I gained hands-on experience.

The knowledge and skills gained at ULAB throughout my 4-year journey were really helpful during my internship at The Daily Star. I started working at The Daily Star as an intern on 19th May, 2025.

The skills and knowledge I developed at ULAB helped me a lot in my work at The Daily Star. Basically I was working at the Bangla Online of The Daily Star. I have written and edited international stories . I have also translated the stories of national, tech, and business. To complete those tasks, I applied my knowledge and skills, which I learned from ULAB.

In my internship report I have focused on ten selected projects out of all projects completed during my three-month internship at The Daily Star. In this report, I describe how I managed the tasks and the responsibilities. I also mentioned the challenges faced during completing the tasks as well as what I learned from those projects. I also explained how the learnings and feedback helped me to improve the quality and accuracy of my work.

Objectives and Expectations

As a student of media studies and journalism, I have always been passionate about working in the legacy media house. That's why my initial choice was The Daily Star. Thankfully I was able to work as an intern in this renowned media house. It was not just a career footprint for me but also an opportunity to grow professionally and personally.

The main objective of my internship was to discover and challenge myself. I wanted to learn practical journalism. I also wanted to learn and gain experience in how a professional newsroom operates and how news stories are selected from a lot of events from home and abroad. I also wanted to learn how the news is selected, edited, and published for the target audience.

My aim is to enrich my ability in selecting events and writing and editing skills for the news articles by working with the professionals in a renowned organization where accuracy and quality matter.

I hoped to develop my ability to write and edit news of international events under pressure by maintaining facts and transparency. Besides, I also wanted to learn which types of events and stories are important as well as improve my sense of language and structures.

I am also interested in working with the highly experienced sub-editors to learn from their feedback. I also hoped this internship would help me to work in the legacy media organization by building a professional network.

While starting my internship, I had some expectations from this. Some of those are included:

- To understand how a professional newsroom works.
- To learn the writing style, guidelines, and language of a newsroom.
- To improve my sense of news.
- To learn to work under pressure and deadlines.
- To apply my academic knowledge in real-life situations.
- To build relationships with the media professionals.
- To enhance my experience in journalism.

Host Organization

Daily Star is one of the leading newspapers in Bangladesh. This newspaper provides high-quality news with accuracy and transparency. The Daily Star was founded in 1991 as a national daily. It has played a significant role in the journalism landscape in Bangladesh. It is a trustworthy news source for national and international news, especially for those readers who prefer English news. The Daily Star is known for maintaining its transparency and fairness throughout its journey.

This newspaper covers politics, national news, sports, business, entertainment, tech & startups. The Daily Star is known for its coverage of national and political issues without fear or favor.

Throughout its journey, The Daily Star has developed and adapted to the change and challenge of journalism. With the rise of the internet and technologies, this newspaper has expanded its activities online. The Daily Star has two online versions. One is in English, and the other is in Bangla for the readers who prefer news in the Bangla language. Both the versions of Daily Star cover many beats, such as national, international, sports, business, entertainment, features, etc.

The editorial team of The Daily Star has experienced journalists led by the dynamic media professional Mahfuz Anam. They are always dedicated to ensuring high standards of journalism. They work hard to ensure accuracy, balance, and fairness in the news.

Whether in print or online, The Daily Star stays focused on providing news without favor or fear. The transparency and fairness in news provided by The Daily Star have made it a trusted news source for the people across the country and abroad.

The Daily Star's commitment to providing quality news without fear or favor makes it a leading media institute in Bangladesh.

The Daily Star

Host Organogram

Work Environment

The work environment at The Daily Star is wonderful. Working as an intern at The Daily Star has been a remarkable experience for me. The seniors are very friendly and helpful. There is no strict rule. There is no need to call the seniors "Sir" or "Madam." From the supervisors to editors, everyone is Bhaiya and Apu, which makes the environment friendly. The large newsroom of the Daily Star provides me the opportunity to learn about the activities of a leading newspaper. It is the place where I worked smoothly without any fear. I found someone was there to help me with any topic no matter how busy they are.

The workplace is truly outstanding and collaborative. If I had any confusion, I asked the seniors for the clarification. My supervisor and his team always help me to overcome any problems.

In the newsroom everyone is working with joy. They talked about many things related to the news. This helped me to participate with them to know and understand their views. The environment of the newsroom helped me to focus on my tasks smoothly. This was a great experience and the wonderful beginning of my professional career.

The newsroom in The Daily Star is very professional. The newsroom of the Daily Star works for the print and online editions on the same floor. For print and online, the newsroom remains always busy. That's why I got the opportunity to observe the works of a leading professional English daily.

Digital Editor Tanim Ahmed also encouraged me for my works, and he is always there to assist the sub-editors in planning and providing feedback for the news stories.

Besides, my supervisor always inspired me to learn from their works. All the sub-editors are friendly to me. They asked and discussed many important issues with me and shared their values.

However, the work environment at The Daily Star is impressive. I felt comfortable during my internship. This environment helps me to grow as a professional journalist.

Tasks as an Intern

I started my internship as a sub-editor at the The Daily Star (Bangla Online)

My tasks included:

- Write news for the international beat.
- Write tech-related news.
- Translate and rewrite news for the national and business beats.
- Find news on BBC, Al Jazeera, Reuters, CNN, AFP, and AP.
- Conduct research for collecting information for news articles.
- Joining office meetings.
- Checking facts of the news.

Project Details

Number of total news	57
Number of published news	50
Number of unpublished news	7

PROJECTS

Project 1

Project Title: একের পর এক আত্মহত্যা, যুদ্ধে ফেরেনি প্রায় ১ লাখ ইসরায়েলি সেনা: গণমাধ্যম

Project Type: Analytical International News

Date Assigned: 02 August, 2025

Date Published: 03 August, 2025

Project Details: It is my first byline story in The Daily Star (Bangla). Through this project I tried to explore the alarming rise in suicide rates of Israeli soldiers during the Gaza war. Based on the report of TRT Global and Israeli media, this project reveals that between 2023 and mid-2025, around 50 Israeli soldiers committed suicide, which is significantly higher than previous years. This report also found out the main reason for this trauma, which is mental stress and emotional damage due to fighting in the Gaza war, where about 60 thousand people, including 17 thousand children, have been killed. Many soldiers are suffering from PTSD (post-traumatic stress disorder) and feelings of guilt. Besides, through this report, I tried to capture the speech of the experts. For example, Dr. Seyda Eruyar, an expert from Istanbul, explains how these experiences lead to both psychological and moral suffering. Overall, this case study shows how long the wars and the moral pain of harming others are affecting soldiers.

The sub-editor, Arafath Shetu, assigned this task by giving the four articles of the issue and telling me to write a story accumulating that information.

Roles and Responsibilities: In this project, my role was to read those articles carefully and understand them properly. And keep the important information. Since it was a sensitive topic, I had to verify those sources accurately. Then write the story according to the instructions of the sub-editor Arafath Shetu.

Challenges: Since it was a lengthy report and there was a lot of information and data. So, I took time to verify those data accurately. Besides, I faced the challenge of deciding which information to keep in my report and which to cut out. As well, there were some names of the Israeli soldiers and experts, so I faced the challenge of converting their names into Bangla.

Mistakes:

- Did not write the title properly.
- Added more information in my draft copy.

- Made the mistake on the names.
- Did not mention the name of the broadcaster accurately.
- Wrote '২০২৫' instead of 'চলতি বছর'

Learnings and Outcomes:

- Learned how to write a story by collecting information from multiple sources.
- Learned how to write a story on a sensitive topic.
- Learned how to organize an engaging title.
- Understood the importance of mentioning sources properly.
- Gained hand-on experience to verify sources.

My Edited Copy:

ট্রমায় জর্জরিত ইসরাইয়েলি সেনারা, আত্নহত্যার হিড়িক

আবু সালেক আল মাসরুফ

গাজায় যুদ্ধে অংশ নেওয়া ইসরায়েলি সেনাদের একের পর এক আত্মহত্যার ঘটনায় তাদের মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

বিশেষজ্ঞরা সতর্ক করে বলছেন, গাজা যুদ্ধের দীর্ঘস্থায়ী মানসিক চাপ সৈনিকদের সক্ষমতার সীমানাকে ছাড়িয়ে যাচ্ছে। আর ইসরায়েলি প্রচারমাধ্যমের তথ্য অনুসারে, প্রায় এক লাখ রিজার্ভ সেনা ছুটির পর কাজে ফেরেনি।

সম্প্রতি তুরস্কভিত্তিক সংবাদমাধ্যম টিআরটি গ্লোবালের এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৩ সাল থেকে ২০২৫ সালের মাঝামাঝি পর্যন্ত প্রায় ৫০ ইসরায়েলি সেনা আত্মহত্যা করেছেন। ২০২২ সালে এই সংখ্যা ছিল ১৪ ও ২০২১ সালে ছিল ১১ জন।

সর্বশেষ ২৭ জুলাই রিজার্ভ সেনা অ্যারিয়েল মেয়ার তামান দক্ষিণ ইসরায়েলে নিজ বাসায় আত্মহত্যা করেন। এতে ইসরায়েলি সৈন্যদের মানসিক সমস্যায় জর্জরিত হওয়ার বিষয়টি আবারও আলোচনায় উঠে আসে।

এর আগে ৫ জুলাই গাজা ও লেবাননে দায়িত্ব পালন করা রিজার্ভ সেনা ড্যানিয়েল এদ্রি আত্মহত্যা করেন। তিনি পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডারে (পিটিএসডি) আক্রান্ত ছিলেন।

এই জুলাইয়েই আরও দুই আইডিএফ সেনার অস্বাভাবিক মৃত্যু হয়। এই মৃত্যুকেও 'সন্দেহজনক আত্মহত্যা' বলছে ইসরায়েলি কর্তৃপক্ষ। এছাড়া ১৫ জুলাই দক্ষিণ ইসরায়েলের এক ঘাঁটিতে আত্মহত্যার চেষ্টা করেন প্যারাট্রুপার কর্পোরাল ড্যান ফিলিপসন। পরে হাসপাতালে তার মৃত্যু হয়।

আত্মহত্যার সংখ্যা বাড়ছে

২০২৫ সালের জানুয়ারিতে প্রকাশিত ইসরায়েলি সেনাবাহিনীর সর্বশেষ তথ্য বলছে—২০২৩ সালের অক্টোবরে ইসরায়েলের সঙ্গে হামাসের সংঘাত শুরুর পর থেকে গত বছরের ডিসেম্বর পর্যন্ত ২৮টি আত্মহত্যার ঘটনা ঘটেছে। এর আগে ২০২৩ সালের শুরুতে আরও ১০ সৈন্য আত্মহত্যার পথ বেছে নেন। সবমিলিয়ে দুই বছরে মোট ৩৮ জন ইসরায়েলি সেনা আত্মহত্যা করেন।

এ ছাড়াও, যারা দায়িত্বের বাইরে থাকা অবস্থায় আত্মহননের পথ বেছে দিয়েছেন তাদের হিসাব এই তালিকায় নেই।

ইসরায়েলের সেনাবাহিনীতে মানসিক সমস্যার বিষয়টি নতুন কিছু না হলেও বিশেষজ্ঞদের অভিমত, গাজায় গণহত্যা ও ক্রমবর্ধমান সহিংসতার সঙ্গে এই আত্মহত্যার বিষয়টি সম্পর্কিত।

ইসরায়েলি সেনাদের হাতে দুই বছরের কম সময়ে গাজায় প্রায় ৬০ হাজার মানুষ নিহত হয়েছে। নিহতদের মধ্যে প্রায় ১৭ হাজার শিশু। তাদের অনেককেই পুড়ে যাওয়া অথবা অঙ্গ হারানো অবস্থায় উদ্ধার করা হয়েছে।

ইসরায়েলি সৈন্যদের গুলিতে ক্রমাগত নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে গাজার মানুষ। যুদ্ধের বিভীষিকা ও বেসামরিক মানুষের ওপর নির্বিচারে গুলি চালিয়ে হত্যা করার অপরাধবোধ থেকে অনেক সৈন্য আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন।

ইবনে খালদুন বিশ্ববিদ্যালয়ের ট্রমা মনোবিজ্ঞানের বিশেষজ্ঞ ও সহযোগী অধ্যাপক ড. সাইদা এরুয়ার বলেন, 'গাজায় যুদ্ধে অংশ নেওয়া ইসরায়েলি সেনারা যুদ্ধজনিত ট্রমার পাশাপাশি বেসামরিক জনগণের ওপর সহিংসতায় অংশ নেওয়া কিংবা তা প্রত্যক্ষ করার কারণে গভীর ও নৈতিক মানসিক বিপর্যয়ের মধ্যে যাচ্ছেন।'

ওই অধ্যাপক আরও বলেন, এই নৈতিক আঘাত পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডারের (পিটিএসডি) সঙ্গে সম্পর্কিত হলেও একে ভিন্ন অবস্থা বলা যায়।

সাঈদা এরুয়ার জানান—পিটিএসডি মূলত ভয়, অতীত স্মৃতি, অতিরিক্ত সতর্কতা ও অনুভূতিহীনতার সঙ্গে জড়িত। আর নৈতিক আঘাত সৃষ্টি হয় অপরাধবোধ, লজ্জা ও নৈতিক বিভ্রান্তি থেকে।

তিনি আরও বলছেন, ইসরায়েল সাধারণত এর সেনাদের আত্মহত্যার কথা স্বীকার করতে চায় না। এসব অস্বাভাবিক মৃত্যুর ঘটনাকে সন্দেহজনক আত্মহত্যা হিসেবে প্রচার করতে চায়। তবে মানসিক অস্থিরতা থেকে আত্মহত্যার এ প্রবণতাকে অস্বীকার করার উপায় নেই।

আত্মহত্যা করা সেনাদের বেশিরভাগই রিজার্ভ সৈন্য। তারা পিটিএসডিতে আক্রান্ত হওয়া সত্ত্বেও চাকরিতে ফেরত এসে পুনরায় গাজা যুদ্ধে যোগ দিয়েছিলেন।

ইসরায়েলের সম্প্রচারমাধ্যম কে এএন'র তথ্য অনুযায়ী, প্রায় তিন হাজার ৭৭০ জন সেনার পিটিএসডি ধরা পড়েছে।

গত মার্চে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পুনর্বাসন বিভাগ জানিয়েছে, যুদ্ধ শুরুর পর থেকে তারা প্রায় ১৬ হাজার সেনাকে মানসিক সেবা দিয়েছে।

সৈন্য সংখ্যাও কমছে

এদিকে নিজ বাহিনীর জনশক্তির ভারসাম্য রক্ষা ও জনগণের মধ্যে গাজায় হামলার বৈধতা প্রতিষ্ঠার ক্ষেত্রেও চ্যালেঞ্জের মুখে পড়েছে ইসরায়েল।

অনেক রিজার্ভ সৈন্যরা পুনরায় দায়িত্বে ফিরে আসতে অস্বীকৃতি জানিয়েছে।

ইসরায়েলি কর্মকর্তারা জানিয়েছেন, ৮০ শতাংশ রিজার্ভ সৈন্য কাজে যোগ দিয়েছে। তবে দেশটির সম্প্রচারমাধ্যম কেএএন জানিয়েছে, এটি ৬০ শতাংশের মতো। সে হিসাবে প্রায় এক লাখ সেনা পুনরায় কাজে আসেননি।

চলতি বছরের এপ্রিলে ইসরায়েল বিমান বাহিনীর প্রায় এক হাজার সদস্য যুদ্ধ বন্ধের আহ্বান জানিয়েছিলেন।

এ ছাড়াও, গত মে মাসে ইসরায়েলি সেনাবাহিনীর শতাধিক কর্মকর্তা এক খোলা চিঠিতে এই যুদ্ধকে অনৈতিক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে অভিহিত করেন।

হারেৎজ পত্রিকায় প্রকাশিত ওই চিঠিতে গাজার যুদ্ধকে 'যুদ্ধাপরাধ' আখ্যা দিয়ে এর জন্য ইসরায়েল সরকারকে দায়ী করা হয়। পাশাপাশি দীর্ঘস্থায়ী যুদ্ধের কারণে সেনাদের মানসিক বিপর্যয়ের বিষয়েও সতর্ক করা হয়।

চিঠিতে বলা হয়, 'আমরা প্রত্যাশা করি সেনাপ্রধান সরকারের এমন এক কোনো আদেশ মানবেন না, যা সেনাদের এমন কাজ করতে বাধ্য করবে—যার পরিণতি তাদের সারা জীবনের জন্য তাড়া করে ফিরবে।'

তবে সাম্প্রতিক সময়ে সৈন্যদের আত্মহত্যার প্রবণতা সক্রিয় সৈনিকদের মানসিক স্বাস্থ্যের দিকে মনোযোগ আকর্ষণ করলেও, বিশেষজ্ঞরা এই বলেও সতর্ক করছেন যে-আগামী প্রজন্মের নবীন সৈনিকদের মধ্যে আরও বৃহত্তর পরিসরে মানসিক স্বাস্থ্য সংকট দেখা দিতে পারে

Final Edited Copy:

একের পর এক আত্মহত্যা, যুদ্ধে ফেরেনি প্রায় ১ লাখ ইসরায়েলি সেনা: গণমাধ্যম

আবু সালেক আল মাসরুফ

গাজায় যুদ্ধে অংশ নেওয়া ইসরায়েলি সেনাদের একের পর এক আত্মহত্যার ঘটনায় তাদের মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

বিশেষজ্ঞরা সতর্ক করে বলছেন, গাজা যুদ্ধের দীর্ঘস্থায়ী মানসিক চাপ সৈনিকদের সক্ষমতার সীমানাকে ছাড়িয়ে যাচ্ছে। আর ইসরায়েলি প্রচারমাধ্যমের তথ্য অনুসারে, প্রায় এক লাখ রিজার্ভ সেনা ছুটির পর কাজে ফেরেনি।

সম্প্রতি তুরস্কভিত্তিক সংবাদমাধ্যম টিআরটি গ্লোবালের এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৩ সাল থেকে ২০২৫ সালের মাঝামাঝি পর্যন্ত প্রায় ৫০ ইসরায়েলি সেনা আত্মহত্যা করেছেন। ২০২২ সালে এই সংখ্যা ছিল ১৪ ও ২০২১ সালে ছিল ১১ জন।

সর্বশেষ ২৭ জুলাই রিজার্ভ সেনা অ্যারিয়েল মিয়ার তামান দক্ষিণ ইসরায়েলে নিজ বাসায় আত্মহত্যা করেন। এতে ইসরায়েলি সৈন্যদের মানসিক সমস্যায় জর্জরিত হওয়ার বিষয়টি আবারও আলোচনায় উঠে আসে।

এর আগে ৫ জুলাই গাজা ও লেবাননে দায়িত্ব পালন করা রিজার্ভ সেনা ড্যানিয়েল এদ্রি আত্মহত্যা করেন। তিনি পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডারে (পিটিএসডি) আক্রান্ত ছিলেন।

এই জুলাইয়েই আরও দুই আইডিএফ সেনার অস্বাভাবিক মৃত্যু হয়। এই মৃত্যুকেও 'সন্দেহজনক আত্মহত্যা' বলছে ইসরায়েলি কর্তৃপক্ষ। এছাড়া ১৫ জুলাই দক্ষিণ ইসরায়েলের এক ঘাঁটিতে আত্মহত্যার চেষ্টা করেন প্যারাট্রুপার কর্পোরাল ড্যান ফিলিপসন। পরে হাসপাতালে তার মৃত্যু হয়।

আত্মহত্যার সংখ্যা বাড়ছে

চলতি বছরের জানুয়ারিতে প্রকাশিত ইসরায়েলি সেনাবাহিনীর সর্বশেষ তথ্য বলছে—২০২৩ সালের অক্টোবরে ইসরায়েলের সঙ্গে হামাসের সংঘাত শুরুর পর থেকে গত বছরের ডিসেম্বর পর্যন্ত ২৮টি আত্মহত্যার ঘটনা ঘটেছে। এর আগে ২০২৩ সালের শুরুতে আরও ১০ সৈন্য আত্মহত্যার পথ বেছে নেন। সবমিলিয়ে দুই বছরে মোট ৩৮ জন ইসরায়েলি সেনা আত্মহত্যা করেন।

এ ছাড়াও, যারা দায়িত্বের বাইরে থাকা অবস্থায় আত্মহননের পথ বেছে দিয়েছেন তাদের হিসাব এই তালিকায় নেই।

ইসরায়েলের সেনাবাহিনীতে মানসিক সমস্যার বিষয়টি নতুন কিছু না হলেও বিশেষজ্ঞদের অভিমত, গাজায় গণহত্যা ও ক্রমবর্ধমান সহিংসতার সঙ্গে এই আত্মহত্যার বিষয়টি সম্পর্কিত।

ইসরায়েলি সেনাদের হাতে দুই বছরের কম সময়ে গাজায় প্রায় ৬০ হাজার মানুষ নিহত হয়েছে। নিহতদের মধ্যে প্রায় ১৭ হাজার শিশু। তাদের অনেককেই পুড়ে যাওয়া অথবা অঙ্গ হারানো অবস্থায় উদ্ধার করা হয়েছে।

ইস্তানবুলের ইবনে খালদুন বিশ্ববিদ্যালয়ের ট্রমা মনোবিজ্ঞানের বিশেষজ্ঞ ও সহযোগী অধ্যাপক ড. সাঈদা এরুয়ার বলেন, 'গাজায় যুদ্ধে অংশ নেওয়া ইসরায়েলি সেনারা যুদ্ধজনিত ট্রমার পাশাপাশি বেসামরিক জনগণের ওপর সহিংসতায় অংশ নেওয়া কিংবা তা প্রত্যক্ষ করার কারণে গভীর ও নৈতিক মানসিক বিপর্যয়ের মধ্যে যাচ্ছেন।'

ওই অধ্যাপক আরও বলেন, এই নৈতিক আঘাত পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডারের (পিটিএসডি) সঙ্গে সম্পর্কিত হলেও একে ভিন্ন অবস্থা বলা যায়।

সাঈদা এরুয়ার জানান—পিটিএসডি মূলত ভয়, অতীত স্মৃতি, অতিরিক্ত সতর্কতা ও অনুভূতিহীনতার সঙ্গে জড়িত। আর নৈতিক আঘাত সৃষ্টি হয় অপরাধবোধ, লজ্জা ও নৈতিক বিভ্রান্তি থেকে।

তিনি আরও বলছেন, ইসরায়েল সাধারণত এর সেনাদের আত্মহত্যার কথা স্বীকার করতে চায় না। এসব অস্বাভাবিক মৃত্যুর ঘটনাকে সন্দেহজনক আত্মহত্যা হিসেবে প্রচার করতে চায়। তবে মানসিক অস্থিরতা থেকে আত্মহত্যার এ প্রবণতাকে অস্বীকার করার উপায় নেই।

আত্মহত্যা করা সেনাদের বেশিরভাগই রিজার্ভ সৈন্য। তারা পিটিএসডিতে আক্রান্ত হওয়া সত্ত্বেও চাকরিতে ফেরত এসে পুনরায় গাজা যুদ্ধে যোগ দিয়েছিলেন।

ইসরায়েলের সরকারি সম্প্রচারমাধ্যম কেএএন'র তথ্য অনুযায়ী, প্রায় তিন হাজার ৭৭০ জন সেনার পিটিএসডি ধরা পড়েছে।

গত মার্চে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পুনর্বাসন বিভাগ জানিয়েছে, যুদ্ধ শুরুর পর থেকে তারা প্রায় ১৬ হাজার সেনাকে মানসিক সেবা দিয়েছে।

সৈন্য সংখ্যাও কমছে

এদিকে নিজ বাহিনীর জনশক্তির ভারসাম্য রক্ষা ও জনগণের মধ্যে গাজায় হামলার বৈধতা প্রতিষ্ঠার ক্ষেত্রেও চ্যালেঞ্জের মুখে পড়েছে ইসরায়েল।

অনেক রিজার্ভ সৈন্যরা পুনরায় দায়িত্বে ফিরে আসতে অস্বীকৃতি জানিয়েছে।

ইসরায়েলি কর্মকর্তারা জানিয়েছেন, ৮০ শতাংশ রিজার্ভ সৈন্য কাজে যোগ দিয়েছে। তবে দেশটির সরকারি সম্প্রচারমাধ্যম কেএএন জানিয়েছে, এটি ৬০ শতাংশের মতো। সে হিসাবে প্রায় এক লাখ সেনা পুনরায় কাজে আসেননি।

চলতি বছরের এপ্রিলে ইসরায়েল বিমান বাহিনীর প্রায় এক হাজার সদস্য যুদ্ধ বন্ধের আহ্বান জানিয়েছিলেন।

এ ছাড়াও, গত মে মাসে ইসরায়েলি সেনাবাহিনীর শতাধিক কর্মকর্তা এক খোলা চিঠিতে এই যুদ্ধকে অনৈতিক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে অভিহিত করেন।

হারেৎজ পত্রিকায় প্রকাশিত ওই চিঠিতে গাজার যুদ্ধকে 'যুদ্ধাপরাধ' আখ্যা দিয়ে এর জন্য ইসরায়েল সরকারকে দায়ী করা হয়। পাশাপাশি দীর্ঘস্থায়ী যুদ্ধের কারণে সেনাদের মানসিক বিপর্যয়ের বিষয়েও সতর্ক করা হয়।

চিঠিতে বলা হয়, 'আমরা প্রত্যাশা করি সেনাপ্রধান সরকারের এমন এক কোনো আদেশ মানবেন না, যা সেনাদের এমন কাজ করতে বাধ্য করবে—যার পরিণতি তাদের সারা জীবনের জন্য তাড়া করে ফিরবে।'

বিশেষজ্ঞরা এই বলেও সতর্ক করেছেন যে—আগামী প্রজন্মের নবীন সৈনিকদের মধ্যে আরও বৃহত্তর পরিসরে মানসিক স্বাস্থ্য সংকট দেখা দিতে পারে।



Image 1.1: A screenshot of this story published on The Daily Star Bangla website.

Link: https://bangla.thedailystar.net/international/news-690631



Image 1.2: I have written this news on MS Word.

Project 2

Project Title: খামেনির প্রাণ বাঁচালাম, ধন্যবাদটুকুও দিল না: ট্রাম্প

Project Type: International news

Date Assigned: 28 June 2025

Date Published: 28 June 2025

Project Details: Basically, this report covers the geopolitical situation during the 12-day war between Israel and Iran, focusing on a bold claim by U.S. president Donald Trump. According to Trump, he prevented the assassination of Ayatollah Ali Khamenei, but he did not thank Donald Trump. Besides, this report highlighted how the conflict began with Israel's attack on Iran's nuclear facilities. During the war, Israel and the U.S. planned to kill Khamenei, but Donald Trump claimed that he prevented this plan, and he said he knows where Khamenei is hiding, but we won't kill him right now. This statement angers the Foreign Minister of Iran, Abbas Araghchi. He said Trump's speeches were disrespectful to us. Besides, this report explains that if Khamenei were to be killed, it would be a serious problem in the Middle East.

This subeditor, Arafath Shetu, assigned me this task by giving me three news articles and telling me to write an analytical report combining these three news items.

Roles and Responsibilities: In this report, my task was to read those three articles carefully, gather the important information, and then write in Bangla by using simple news language and structure.

Challenges: Since it was an in-depth international report, one of the major challenges was to select the important details from among the vastness of information. Besides, I faced the challenge of simplifying the complex geopolitics content for readers without losing important details and accommodating the speech of the Foreign Minister of Iran and the Defense Minister of Israel by searching another news site. It was also another challenge to summarize the long-term diplomatic situation and recent events clearly and quickly.

Mistakes:

- Did not follow the guideline of The Daily Star (directly mentioned the date without writing the adverbs of time (গতকাল))
- Did not mention the previous name of the social site (X).
- Made the mistake of writing the name of the Foreign Minister of Iran.
- Did not use some journalistic words like "ঘোষণা, যদিও, বলেও," etc.

- Wrote an extra pera which was not needed.

Learnings and Outcomes:

- Learned how to write an in-depth international report.
- Learned how to extract key points from lots of the information.
- Gained experience to work with sensitive topics.
- Learned about the geopolitical dynamics between Israel and Iran.
- Understood the importance of journalistic words.

My Edited Copy:

খামেনির প্রাণ বাঁচালাম, ধন্যবাদটুকুও দিল না: ট্রাম্প

স্টার অনলাইন ডেস্ক

ইরানের পারমানবিক অস্ত্র অর্জন ঠেকানোর কথা বলে ১৩জুন ইরানে হামলা চালায় ইসরায়েল। পরবর্তীতে ইরানের পারমানবিক স্থাপনায় মার্কিন ক্ষেপণাস্ত্র হামলা হলে এই সংঘাত নতুন মোড় নেয়।

হামলা পাল্টা হামলার মধ্য দিয়ে ১২ দিনের মাথায় যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় যুদ্ধবিরতিতে সম্মত হয় ইসরায়েল ও ইরান। তবে দুই দেশের মধ্যকার এই সংঘাতের শুরু থেকেই মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যার পরিকল্পনা বারবার শিরোনাম হয়েছিল।

সংঘাতের শুরু থেকেই খামেনিকে হত্যা করার বার্তা দিয়ে আসছিল ইসরায়েল । তবে সংঘাত আপাতত শেষ হলেও খামেনিকে হত্যা করেনি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের কেউ।

এর মধ্যেই ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনিকে লজ্জাজনক মৃত্যুর হাত থেকে রক্ষা করলেও খামেনি তাকে ধন্যবাদও জানাননি বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

শুক্রবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প লিখেছেন, 'আমি খামেনিকে অত্যন্ত জঘন্য ও অপমানজনক মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছিলাম, আর সে ধন্যবাদও বলল না।

ইসরায়েলের সাথে ১২ দিনের যুদ্ধে ইরান জয়লাভ করেছে খামেনির এমন মন্তব্যের প্রতিক্রিয়ায় ট্রাম্প এ কথা বলেন।

ট্রাম্প দাবি করেন, ইসরায়েল ইরানে হামলা চালানোর সময় খামেনি কোথায় আশ্রয় নিয়েছিলেন তা তিনি জানতেন। ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর খামেনিকে হত্যার পরিকল্পনাও রুখে দেন তিনি।

খামেনির যুদ্ধ জয়কে মিথ্যা ও বোকামিপূর্ণ আখ্যা দিয়ে খামেনির তীব্র সমালোচনাও করেন ট্রাম্প।

তবে আজ খামেনিকে নিয়ে করা ট্রাম্পের বক্তব্যকে 'অসম্মানজনক ও অগ্রহণযোগ্য' আখ্যা দিয়ে নিন্দা জানান ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে আরাগচি বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প যদি মনেপ্রাণে চুক্তি করতে চান, তাহলে তাঁকে আয়াতুল্লাহ খামেনির প্রতি অসম্মানজনক ভাষা ব্যবহার করা বন্ধ করতে হবে এবং তাঁর কোটি ভক্তের অনুভূতিতে আঘাত দেওয়া থেকে বিরত থাকতে হবে।'

উল্লেখ্য ১৩জুন ইরানে হামলা চালায় ইসরায়েল। হামলার প্রাথমিক ধকল সামলে পাল্টা হামলা চালিয়েছিল ইরান। পরবর্তীতে যুক্তরাষ্ট্র ইরানের তিন পারমানবিক স্থাপনা ফোরদো, ইসফাহান এবং নাতানজে হামলা চালায়।

সে সময় ইরানের পারমানবিক অস্ত্র অর্জনের ক্ষমতাকে ধ্বংস করে দিয়েছেন বলে দাবি করেন ট্রাম্প।

সে সময় সংঘাতের অংশ হিসেবে খামেনিকে হত্যার পরিকল্পনা এঁটেছিল ইসরায়েল। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু খামেনিকে হত্যা করলে দুই চিরশত্রুর মধ্যে 'সংঘাতের অবসান ঘটবে' এবং 'পরমাণু যুদ্ধ বন্ধ' হবে বলে মন্তব্য করেন।

ট্রাম্পও খামেনিকে সহজ লক্ষ্যবস্তু উল্লেখ করে বলেছিলেন, 'আমরা ইরানের সর্বোচ্চ নেতাকে হত্যা করব না, অন্তত এখনই নয়।'

সংঘাত চলাকালে ইরানের সর্বোচ্চ নেতা খামেনিকে হত্যা করতে চেয়েছিল ইসরায়েল বলে জানান ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ ।

ইসরায়েলের সংবাদমাধ্যম চ্যানেল থার্টিনকে দেওয়া এক সাক্ষাৎকারে কাৎজ বলেন, 'আমরা খামেনিকে সরিয়ে দিতে চেয়েছিলাম, কিন্তু সেটা করার যথাযথ সুযোগ পাওয়া যায়নি।'

কাৎজের দাবি, খামেনি তাঁর ওপর হামলা হতে পারে বলে আশঙ্কা করছিলেন। আর সে কারণে তিনি ভূগর্ভের অনেক গভীরে নিরাপদ আশ্রয়ে চলে গিয়েছিলেন।

তবে এই সপ্তাহের শুরুতে যুদ্ধবিরতির মাধ্যমে ইসরায়েল-ইরান যুদ্ধ শেষ হওয়ার পর প্রথমবারের মতো মন্তব্য করেন খামেনি।

তিনি বলেন, ফোরদো, ইসফাহান এবং নাতানজে ইরানের পারমাণবিক স্থাপনায় মার্কিন হামলার পর কাতারের একটি প্রধান মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে ইরান যুক্তরাষ্ট্রের মুখে চড় মেরেছে।

তবে মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যা করা হলে তা ইরান ও মধ্যপ্রাচ্যকে এক অনিশ্চিত ও অজানা সংকটের দিকে ঠেলে দিতে পারত।

Final Edited Copy :

খামেনির প্রাণ বাঁচালাম, ধন্যবাদটুকুও দিলো না: ট্রাম্প

স্টার অনলাইন ডেস্ক

ইরানের পরমাণু অস্ত্র অর্জন ঠেকানোর কথা বলে গত ১৩ জুন দেশটিতে অতর্কিতে হামলা চালায় ইসরায়েল। পরবর্তীতে ইরানের পারমাণবিক স্থাপনায় মার্কিন ক্ষেপণাস্ত্র হামলা হলে এই সংঘাত নতুন মোড় নেয়।

হামলা-পাল্টা হামলার মধ্য দিয়ে ১২ দিনের মাথায় যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় যুদ্ধবিরতিতে সম্মত হয় ইসরায়েল ও ইরান। তবে দুই দেশের মধ্যেকার এই সংঘাতের শুরু থেকেই মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যার পরিকল্পনা বারবার শিরোনাম হয়েছিল।

সংঘাতের শুরু থেকেই খামেনিকে হত্যার হুমকি দিয়ে আসছিল ইসরায়েল। তবে এখন পর্যন্ত তা করেনি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের কেউই।

এর মধ্যেই ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনিকে লজ্জাজনক মৃত্যুর হাত থেকে রক্ষা করলেও, খামেনি তাকে ধন্যবাদও জানাননি বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

গতকাল শুক্রবার নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প লিখেছেন, 'আমি খামেনিকে অত্যন্ত জঘন্য ও অপমানজনক মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছিলাম, তবে তিনি ধন্যবাদটুকুও দিলেন না।'

ইসরায়েলের সঙ্গে ১২ দিনের যুদ্ধে ইরান জয়লাভ করেছে, খামেনির এমন মন্তব্যের প্রতিক্রিয়ায় ট্রাম্প এ কথা বলেন।

ট্রাম্প দাবি করেন, ইরানে হামলা চালানোর সময় খামেনি কোথায় আশ্রয় নিয়েছিলেন তা তিনি জানতেন। ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর খামেনিকে হত্যার পরিকল্পনাও রুখে দেন তিনি।

খামেনির যুদ্ধ জয়ের ঘোষণাকে মিথ্যা ও বোকামিপূর্ণ আখ্যা দিয়ে তীব্র সমালোচনাও করেন ট্রাম্প।

তবে খামেনিকে নিয়ে করা ট্রাম্পের মন্তব্যকে 'অসম্মানজনক ও অগ্রহণযোগ্য' আখ্যা দিয়ে নিন্দা জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাকচি।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) এক পোস্টে তিনি বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প যদি মনেপ্রাণে চুক্তি করতে চান, তাহলে তাকে আয়াতুল্লাহ খামেনির প্রতি অসম্মানজনক ভাষা ব্যবহার বন্ধ করতে হবে এবং তার কোটি ভক্তের অনুভূতিতে আঘাত দেওয়া থেকে বিরত থাকতে হবে।'

এর আগে, ইরানে হামলা চালিয়ে দেশটির পারমাণবিক অস্ত্র অর্জনের ক্ষমতাকে ধ্বংস করে দিয়েছেন বলে দাবি করেছিলেন ট্রাম্প।

সেসময় সংঘাতের অংশ হিসেবে খামেনিকে হত্যার পরিকল্পনা এঁটেছিল ইসরায়েল। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু খামেনিকে হত্যা করলে দুই চিরশত্রুর মধ্যে 'সংঘাতের অবসান ঘটবে' এবং 'পরমাণু যুদ্ধ বন্ধ' হবে বলেও মন্তব্য করেন।

ট্রাম্পও খামেনিকে সহজ লক্ষ্যবস্তু উল্লেখ করে বলেছিলেন, 'আমরা ইরানের সর্বোচ্চ নেতাকে হত্যা করব না, অন্তত এখনই নয়।'

ইসরায়েলি প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ জানান, সংঘাত চলাকালে ইরানের সর্বোচ্চ নেতা খামেনিকে হত্যা করতে চেয়েছিলেন তারা।

ইসরায়েলের সংবাদমাধ্যম চ্যানেল থার্টিনকে দেওয়া এক সাক্ষাৎকারে কাৎজ বলেন, 'আমরা খামেনিকে সরিয়ে দিতে চেয়েছিলাম, কিন্তু সেটা করার যথাযথ সুযোগ পাওয়া যায়নি।'

কাৎজের দাবি, খামেনি তার ওপর হামলা হতে পারে বলে আশঙ্কা করছিলেন। আর সে কারণে তিনি ভূগর্ভের অনেক গভীরে নিরাপদ আশ্রয়ে চলে গিয়েছিলেন।

তবে চলতি সপ্তাহের শুরুতে যুদ্ধবিরতির মাধ্যমে ইসরায়েল-ইরান যুদ্ধ শেষ হওয়ার পর জাতির উদ্দেশে ভাষণ দেন খামেনি।

তিনি বলেন, 'ফোরদো, ইস্ফাহান ও নাতাঞ্জে ইরানের পারমাণবিক স্থাপনায় মার্কিন হামলার পর কাতারের একটি প্রধান মার্কিন ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়ে ইরান যুক্তরাষ্ট্রের মুখে চড় মেরেছে।'

যদিও মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যা করা হলে তা ইরান ও মধ্যপ্রাচ্যকে এক অনিশ্চিত এবং অজানা সংকটের দিকে ঠেলে দিতে পারত।



The Daily Star বাংলা

ইসরায়েল-ইরান যুদ্ধ

স্টার অনলাইন ডেস্ক

খামেনির প্রাণ বাঁচালাম, ধন্যবাদটুকুও দিলো না: ট্রাম্প

ডোনাল্ড ট্রাম্প ও আয়াতুল্লাহ আলি খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের পরমাণু অস্ত্র অর্জন ঠেকানোর কথা বলে গত ১৩ জুন দেশটিতে অতর্কিতে হামলা চালায় ইসরায়েল। পরবর্তীতে ইরানের পারমাণবিক স্থাপনায় মার্কিন ক্ষেপণাস্ত্র হামলা হলে এই সংঘাত নতুন মোড় নেয়।

Image 2.1: A screenshot of this news published on The Daily Star Bangla website.

Link: https://bangla.thedailystar.net/international/Israel-Iran-conflict/news-682651



খামেনির প্রাণ বাঁচালাম, ধন্যবাদটুকুও দিল নাঃ ট্রাম্প

ইরানের পারমানবিক অস্ত্র অর্জন ঠেকানোর কথা বলে ১৩জুন ইরানে হামলা চালায় ইসরায়েল। পরবর্তীতে ইরানের পারমানবিক স্থাপনায় মার্কিন ক্ষেপণাস্ত্র হামলা হলে এই সংঘাত নতুন মোড় নেয়।

হামলা পাল্টা হামলার মধ্য দিয়ে ১২ দিনের মাথায় যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় যুদ্ধবিরতিতে সম্মত হয় ইসরায়েল ও ইরান।

তবে দুই দেশের মধ্যকার এই সংঘাতের শুরু থেকেই মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনিকে হত্যার পরিকল্পনা বারবার শিরোনাম হয়েছিল।

সংঘাতের শুরু থেকেই খামেনিকে হত্যা করার বার্তা দিয়ে আসছিল ইসরায়েল। তবে সংঘাত আপাতত শেষ হলেও খামেনিকে হত্যা করেনি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের কেউ।

Image 2.2: I have written this news in MS Word.



Image 2.3: After completing this writing, I have submitted my writing to sub-editor Arafath Shetu.

Image 2.4: A screenshot of my news on the daily Star Facebook page.

Project 3

Project Title: এক সপ্তাহে তৃতীয় প্রধানমন্ত্রী পেল থাইল্যান্ড, নতুন মন্ত্রিসভা গঠন

Project Type: International news

Date Assigned: 03 July 2025

Date Published: 03 July 2025

Project Details: This report focused on the political instability in Thailand, where three different leaders took on the role of prime minister within one week. Besides, it highlights the background of the acting prime minister, Phumtham Wechayachi, the reasons behind Petongtarn Shinawatra's suspension, and the overall impact on the Thai government and economy. As well as it reflects the current political scenario of Thailand.

The sub-editor, Ishtiaque Khan, gave me the original copy of this news from the news agency AFP. He instructs me to collect background information about the suspension of Petongtarn Shinnawatra from another site. Since, after the suspension of Paetongtarn Shinawatra, Suriya Jungrungreangkit served as Thailand's prime minister for one day, followed by Phumtham Wechayachai taking over as acting prime minister within the same week, which turned the situation into a hot topic. That's why he told me to complete this task in one hour.

Roles and Responsibilities: In this project my main role was to translate and write the news. Besides, I had to research background information about the suspension of Petongtarn Shinnawatra from another site. Then translate this complex political language into easy Bangla and write the news. Moreover, I had to ensure that the facts and information I used in my news report were accurate. Then submitted the draft on the deadline by maintaining the news format.

Challenges: To complete this task, I faced some minor challenges. For example, it was difficult to translate Thai names like Phumtham Wechayachai and Suriya Jungrungreangkit into Bangla accurately. It also took time to understand the power transition, political system, and governance system of Thailand properly. In this task, I faced a difficulty in maintaining the balance between simplifying the news and highlighting the depth of the political issue. At that time, I felt doubt about which background information was most important to include or which one could be left out. Moreover, working under a tight deadline by ensuring the facts added extra pressure to complete this task.

Mistake:

- Used the word ‘এক’ instead of the numeral ‘১’ in the headline.
- Did not maintain the writing guideline of the Daily Star.
- Used present tense instead of past tense, which sounds like a TV bulletin. For example, I wrote ‘ নিয়েছেন’ instead of ‘নিলেন.’
- Wrote a complex sentence in the middle part of the news.

Learnings and Outcomes:

- Learned how to write a news title properly.
- Known numbers from one to nine are written in numbers. (The guideline of the Daily Star).
- Learned how to write news using simple sentences.
- Learned how to write clearly and neutrally, especially when writing about such sensitive or controversial topics.
- Understood the importance of using correct terminology and spelling the names of the political figures.
- Improved skills in writing under deadline.

Original News Story

Thailand gets third leader this week as new cabinet sworn in Bangkok

Thailand 03/07/2025 - 14:02 (UTC + 6) thailand politics reshuffle By Sally JENSEN

RECASTS: New acting PM confirmed. Thailand saw its third person helming the prime minister's office in a week on Thursday, as the king swore in a new cabinet after a court decision plunged the nation's top office into turmoil.

The prime minister's office was upheaved on Tuesday when the Constitutional Court suspended Prime Minister Paetongtarn Shinawatra pending an ethics probe which could take months.

Power passed to transport minister and deputy prime minister Suriya Jungrungreangkit who took office for only one full day, as the bombshell was dropped in an awkward interim ahead of the reshuffle.

Former defensee minister Phumtham Wechayachai was sworn in as interior minister by the king on Thursday morning, taking on a deputy prime minister role outranking Suriya's -- thus becoming the acting premier.

The Thai government said in a statement on social media that the new cabinet approved Phumtham's role as acting prime minister at its first meeting.

Before Paetongtarn was ousted she assigned herself the role of culture minister in the new cabinet, meaning she has kept a perch in the upper echelons of power.

The revolving door of leadership comes as the kingdom is battling to revive a spluttering economy and secure a US trade deal averting President Donald Trump's looming threat of a 36 percent tariff.
- 'Big Comrade' at the helm -

Phumtham is considered a loyal lieutenant to the suspended Paetongtarn and her father Thaksin Shinawatra, the powerful patriarch of a dynasty which has dominated Thai 21st-century politics.

Thaksin-linked parties have been jousting with the pro-military, pro-conservative establishment since the early 2000s, but analysts say the family's political brand has now entered decline.

The 71-year-old Phumtham earned the nickname "Big Comrade" for his association with a left-wing youth movement of the 1970s, but transitioned to politics through a role in Thaksin's telecoms empire. In previous cabinets he held the defence and commerce portfolios, and spent a spell as acting prime minister after a crisis engulfed the top office last year.

Paetongtarn has been hobbled over a longstanding territorial dispute between Thailand and Cambodia, which boiled over into cross-border clashes in May, killing one Cambodian soldier.

When she made a diplomatic call to Cambodian ex-leader Hun Sen, she called him "uncle" and referred to a Thai military commander as her "opponent", according to a leaked recording causing widespread backlash.

A conservative party abandoned her ruling coalition -- sparking the cabinet reshuffle -- accusing her of kowtowing to Cambodia and undermining the military. The Constitutional Court said there was "sufficient cause to suspect" Paetongtarn breached ministerial ethics in the diplomatic spat

My Edited Copy:

এক সপ্তাহে তৃতীয় প্রধানমন্ত্রী পেল থাইল্যান্ড, নতুন মন্ত্রিসভা গঠন

স্টার অনলাইন রিপোর্ট

এক সপ্তাহের ব্যবধানে তৃতীয় ব্যক্তি হিসেবে থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব নিলেন ফুমথাম ওয়েচায়াচাই।

বৃহস্পতিবার সকালে থাইল্যান্ডের রাজা নতুন মন্ত্রিসভার শপথ পড়ান। সেখানে ফুমথাম ওয়েচায়াচাই স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে শপথ নেন। এছাড়া তিনি উপ-প্রধানমন্ত্রীর পদও গ্রহণ করেন।

গত মঙ্গলবার থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পেতংতার্ন সিনাওয়াত্রাকে নৈতিকতার মানদণ্ড লঙ্ঘন করার অভিযোগে সাময়িক বরখাস্ত করে তদন্তের নির্দেশ দেয় দেশটির সংবিধানিক আদালত । এতে দেশটির শীর্ষ পদে বড় ধরনের অস্থিরতা দেখা দেয়।

ক্ষমতা হস্তান্তর হয় যোগাযোগমন্ত্রী ও উপ-প্রধানমন্ত্রী সুরিয়া জুংরুংরুয়াংকিতের হাতে, যিনি মাত্র এক দিন দায়িত্বে ছিলেন।

ফুমথাম সুরিয়া জুংরুংরুয়াংকিতের চেয়ে উচ্চ পদস্থ হওয়ায় তিনিই এখন ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করবেন।
থাই সরকার সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে জানিয়েছে, নতুন মন্ত্রিসভা তাদের প্রথম বৈঠকে ফুমথামকে ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে অনুমোদন দিয়েছে।

এদিকে পেতংতার্ন বরখাস্ত হওয়ার পর নতুন মন্ত্রিসভায় সংস্কৃতি মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, যার ফলে তিনি ক্ষমতার শীর্ষপর্যায়ে নিজের প্রভাব ধরে রাখছেন।

নেতৃত্বে বারবার পরিবর্তন ঘটছে এমন এক সময়, যখন থাইল্যান্ড টালমাটাল অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা করছে এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি বাণিজ্য চুক্তি নিশ্চিত করতে চায়—যাতে ডোনাল্ড ট্রাম্পের ৩৬ শতাংশ শুল্ক আরোপের হুমকি এড়ানো যায়।

ফুমথামকে পেতংতার্ন এবং তাঁর বাবা থাকসিন সিনাওয়াত্রার একজন বিশ্বস্ত সহচর হিসেবে বিবেচনা করা হয়।

৭১ বছর বয়সী ফুমথাম ১৯৭০-এর দশকের বামপন্থি ছাত্র আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার কারণে "বিগ কমরেড" উপাধি পেয়েছিলেন। পরে থাকসিনের টেলিকম সাম্রাজ্যের মাধ্যমে তিনি রাজনীতিতে প্রবেশ করেন।

পূর্ববর্তী মন্ত্রিসভাগুলোতে তিনি প্রতিরক্ষা ও বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেছেন এবং গত বছর শীর্ষ পদে সংকট সৃষ্টি হওয়ার পর অস্থায়ী প্রধানমন্ত্রী হিসেবে কিছু সময় দায়িত্ব পালন করেছিলেন।

মঙ্গলবার বিবিসির প্রতিবেদনে দাবি করা হয়, মূলত কম্বোডিয়ার নেতা হুন সেনের সঙ্গে ফোনালাপ ফাঁস হওয়ার পরই পেতংতার্নের পদত্যাগের দাবি তীব্র আকার ধারণ করে। পেতংতার্ন ওই ফোনালাপে হুন সেনকে 'চাচা' সম্বোধন করেছেন এবং একজন থাই সামরিক কর্মকর্তার সমালোচনা করেছেন। এ নিয়ে দেশটির জনসাধারণের মনে ক্ষোভ জন্ম নেয়।

এর প্রেক্ষিতেই দেশটির সংবিধানিক আদালত পেতংতার্ন সিনাওয়াত্রাকে সাময়িক বরখাস্ত করে তদন্তের নির্দেশ দেয়। ধারণা করা হচ্ছে, এই তদন্ত শেষ হতে কয়েক মাস সময় লাগতে পারে

Final Edited Copy :

১ সপ্তাহে তৃতীয় প্রধানমন্ত্রী পেল থাইল্যান্ড, নতুন মন্ত্রিসভা গঠন

এক সপ্তাহের ব্যবধানে তৃতীয় ব্যক্তি হিসেবে থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব নিয়েছেন ফুমথাম ওয়েচায়াচাই।

আজ বৃহস্পতিবার সকালে থাইল্যান্ডের রাজা নতুন মন্ত্রিসভার শপথ পাঠ করান।

সেখানে ফুমথাম ওয়েচায়াচাই স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে শপথ নেন। এছাড়া তিনি উপপ্রধানমন্ত্রীর পদও গ্রহণ করেন।

গত মঙ্গলবার থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পেতংতার্ন সিনাওয়াত্রাকে নৈতিকতার মানদণ্ড লঙঘন করার অভিযোগে সাময়িক বরখাস্ত করে তদন্তের নির্দেশ দেয় দেশটির সংবিধানিক আদালত।

এতে দেশটির শীর্ষ পদে বড় ধরনের অস্থিরতা দেখা দেয়। ক্ষমতা হস্তান্তর হয় যোগাযোগমন্ত্রী ও উপপ্রধানমন্ত্রী সুরিয়া জুংরুংরুয়াংকিতের হাতে, যিনি মাত্র এক দিন দায়িত্বে ছিলেন।

ফুমথাম সুরিয়া জুংরুংরুয়াংকিতের চেয়ে উচ্চ পদস্থ হওয়ায় তিনিই এখন ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করবেন।

থাই সরকার সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে জানিয়েছে, নতুন মন্ত্রিসভা তাদের প্রথম বৈঠকে ফুমথামকে ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে অনুমোদন দিয়েছে।

এদিকে পেতংতার্ন বরখাস্ত হওয়ার পর নতুন মন্ত্রিসভায় সংস্কৃতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, ফলে তিনি ক্ষমতার শীর্ষস্থানীয় পর্যায়ে নিজের প্রভাব ধরে রাখছেন।

থাইল্যান্ড যখন টালমাটাল অর্থনীতিকে চাঙ্গা করার চেষ্টা এবং ট্রাম্পের ৩৬ শতাংশ শুল্ক আরোপের হুমকি এড়াতে যুক্তরাষ্ট্রের সঙ্গে একটি বাণিজ্য চুক্তি নিশ্চিত করতে চাচ্ছে—তখন নেতৃত্বে বারবার পরিবর্তন আসছে।

ফুমথামকে পেতংতার্ন ও তার বাবা থাকসিন সিনাওয়াত্রার একজন বিশ্বস্ত সহচর হিসেবে বিবেচনা করা হয়। ৭১ বছর বয়সী ফুমথাম সত্তরের দশকের বামপন্থী ছাত্র আন্দোলনের সঙ্গে যুক্ত থাকার কারণে "বিগ কমরেড" উপাধি পেয়েছিলেন। পরে থাকসিনের টেলিকম সাম্রাজ্যের মাধ্যমে তিনি রাজনীতিতে প্রবেশ করেন।

পূর্ববর্তী মন্ত্রিসভাগুলোতে তিনি প্রতিরক্ষা ও বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেছেন এবং গত বছর শীর্ষ পদে সংকট সৃষ্টি হওয়ার পর অস্থায়ী প্রধানমন্ত্রী হিসেবে কিছু সময় দায়িত্ব পালন করেছিলেন।

মঙ্গলবার বিবিসির প্রতিবেদনে দাবি করা হয়, মূলত কম্বোডিয়ার নেতা হুন সেনের সঙ্গে ফোনালাপ ফাঁস হওয়ার পরই পেতংতার্নের পদত্যাগের দাবি তীব্র আকার ধারণ করে। পেতংতার্ন ওই ফোনালাপে হুন সেনকে 'চাচা' সম্বোধন এবং একজন থাই সামরিক কর্মকর্তার সমালোচনা করেছেন। এ নিয়ে জনমনে ক্ষোভ জন্ম নেয়।

এর পরিপ্রেক্ষিতেই দেশটির সংবিধানিক আদালত পেতংতার্ন সিনাওয়াত্রাকে সাময়িক বরখাস্ত করে তদন্তের নির্দেশ দেয়। ধারণা করা হচ্ছে, এই তদন্ত শেষ হতে কয়েক মাস সময় লাগতে পারে।

The Daily Star বাংলা

আন্তর্জাতিক

স্টার অনলাইন ডেস্ক

১ সপ্তাহে তৃতীয় প্রধানমন্ত্রী পেল থাইল্যান্ড, নতুন মন্ত্রিসভা গঠন

ছবি: সংগৃহীত

এক সপ্তাহের ব্যবধানে তৃতীয় ব্যক্তি হিসেবে থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব নিয়েছেন ফুমথাম ওয়েচায়াচাই।

Image 3.1: A screenshot of this news published on The Daily Star Bangla website. Link: https://bangla.thedailystar.net/international/news-683956



এক সপ্তাহে তৃতীয় প্রধানমন্ত্রী পেল থাইল্যান্ড, নতুন মন্ত্রিসভা গঠন

স্টার অনলাইন রিপোর্ট

এক সপ্তাহের ব্যবধানে তৃতীয় ব্যক্তি হিসেবে থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রীর দায়িত্ব নিলেন ফুমথাম ওয়েচায়াচাই।

বৃহস্পতিবার সকালে থাইল্যান্ডের রাজা নতুন মন্ত্রিসভার শপথ পড়ান। সেখানে ফুমথাম ওয়েচায়াচাই স্বরাষ্ট্রমন্ত্রী হিসেবে শপথ নেন। এছাড়া তিনি উপ-প্রধানমন্ত্রীর পদও গ্রহণ করেন।

গত মঙ্গলবার থাইল্যান্ডের প্রধানমন্ত্রী **পেতংতার্ন সিনাওয়াত্রা**কে নৈতিকতার মানদণ্ড লঙ্ঘন করার অভিযোগে সাময়িক বরখাস্ত করে তদন্তের নির্দেশ দেয় দেশটির সংবিধানিক আদালত । এতে দেশটির শীর্ষ পদে বড় ধরনের অস্থিরতা দেখা দেয়।

ক্ষমতা হস্তান্তর হয় যোগাযোগমন্ত্রী ও উপ-প্রধানমন্ত্রী সুরিয়া জুংরুংরুয়াংকিতের হাতে, যিনি মাত্র এক দিন দায়িত্বে ছিলেন।

ফুমথাম সুরিয়া জুংরুংরুয়াংকিতের চেয়ে উচ্চ পদস্থ হওয়ায় তিনিই এখন ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করবেন।

থাই সরকার সামাজিক মাধ্যমে এক বিবৃতিতে জানিয়েছে, নতুন মন্ত্রিসভা তাদের প্রথম বৈঠকে ফুমথামকে ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী হিসেবে অনুমোদন দিয়েছে।

এদিকে পেতংতার্ন বরখাস্ত হওয়ার পর নতুন মন্ত্রিসভায় সংস্কৃতি মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, যার ফলে তিনি ক্ষমতার

Image 3.2: I have written this news in MS Word.



Image 3.3: After completing this writing, I have submitted my writing to sub-editor Ishtiaque Khan.

Project 4

Project Title: সিরিয়ায় ২ গোষ্ঠীর সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮

Project Type: International news

Date Assigned: 16 July 2025

Date Published: 16 July 2025

Project Details: This report highlighted the clash between the Sunni Bedouin and Druze communities in Syria. Besides, this report explained how the conflict started after a kidnapping incident that turned into a violent fight that led to the killing of 248 people over four days. As well, the report discussed how the Syrian government tried but failed to stop conflict and how the Druze community accused that government of siding with the Bedouin fighters instead of staying neutral. Another important issue of this report was the involvement of Israel. Israel attacked the Sunni Bedouin and threatened that they would increase military responses, which shows that Israel is clearly supporting the Druze group, which makes the situation more complicated. Those are all issues that are discussed in detail in this report.

The sub-editor, Ishtiaque Khan, provided me with this task from the AFP news agency and told me to write the news in simple language.

Roles and Responsibilities: In this report, my responsibility was to read the news carefully Translating the complex international incident into simple and readable Bangla. Besides, I had to verify the facts by maintaining a neutral tone. Then summarize such sensitive political events and write the news using simple language and following the news structure.

Challenges: To complete this task I faced some challenges. Firstly, it was difficult for me to simplify the complex sentence into Bangla and to understand some complicated words. Besides, I'm confused about the source (মনিটর) that was mentioned in the original copy of the news. Another challenge I faced in this task was that I had to submit the news quickly.

Mistakes:

- Mentioned the wrong source in my edited copy.
- Did not use journalistic words.
- Used a complicated sentence in the background of the news.
- Using the wrong word.
- Made some spelling mistakes.

Learnings and Outcomes:

- Learned how to write conflict-related news responsibly.
- Learned how to write clear and easy-to-understand news from complicated global incidents.
- Learned that “মনিটর” is the war monitor organization.
- Learned the difference between “অভিযোগ’ and ‘ভাষ্য.’
- Learned how to simplify sentences.
- Understood the importance of journalistic words in news writing.

Original News Story:

At least 248 people have been killed in southern Syria's Sweida province following several days of clashes that triggered the deployment of government forces, a war monitor said on Wednesday.

Sporadic fighting persisted despite the Syrian defence ministry announcing a ceasefire on Tuesday after government forces entered the Druze-majority city due to deadly clashes between local fighters and Bedouin tribes.

The toll includes 92 members of the Druze minority, 28 of them civilians with 21 "killed in summary executions by government forces", according to the Syrian Observatory for Human Rights.

At least 138 Syrian security personnel were killed, along with 18 allied Bedouin fighters, the monitor said.

Clashes erupted on Sunday in the Druze-majority province of Sweida between Druze fighters and Sunni Bedouin tribes following the kidnapping of a Druze vegetable merchant which triggered tit-for-tat abductions, according to the Observatory.

Government forces announced their intervention in the province on Monday to break up the clashes and deployed to Sweida city on Tuesday.

However, according to the Observatory, witnesses and Druze factions, these forces intervened on the side of the Bedouins.

The violence included summary executions of civilians and the burning and looting of homes and shops, according to testimonies from residents, a local news network and the Observatory.

The war monitor reported clashes and intermittent shelling in Sweida on Wednesday.

An AFP correspondent inside the city saw around 30 bodies, including some security personnel and fighters in civilian clothing carrying weapons.

He added that columns of smoke were rising from some neighbourhoods amid the sound of intermittent shelling.

The local Suwayda 24 news network reported that the city had been hit by "heavy shelling with heavy artillery and mortar shells" since Wednesday morning.

The Syrian defence ministry accused "outlaw groups" of attacking its forces inside the city, saying they are now "continuing to respond to the sources of fire".

The violence is the largest since deadly clashes between government forces and Druze fighters near Damascus and in Sweida province killed over 100 people in April and May.

After the December overthrow of president Bashar al-Assad, who long presented himself as a protector of minorities, the new Islamist authorities and Druze factions discussed potential integration into government ranks, but have not reached a full agreement.

Israel, which had previously said it would protect the Druze in Syria, reiterated its warning to Damascus on Wednesday.

Israel may "raise the level of responses against the (Syrian) regime if the message is not understood".

Israel previously warned Syrian authorities that it would not allow their forces to be present in southern Syria.

My Edited Copy

সিরিয়ায় ২ গোষ্ঠীর সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮

স্টার অনলাইন ডেস্ক

সিরিয়ার দক্ষিণের সওয়েইদা প্রদেশে চার দিন ধরে সুন্নি বেদুঈন ও দ্রুজ গোষ্ঠীর যোদ্ধাদের মধ্যে রক্তক্ষয়ী সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮ হয়েছে।

আজ বুধবার সংবাদমাধ্যম মনিটরের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে এএফপি।

নিহতদের মধ্যে ৯২ জন দ্রুজ, ২৮ জন বেসামরিক নাগরিক, ১৩৮ জন নিরাপত্তা বাহিনীর সদস্য ও ১৮ জন বেদুঈন যোদ্ধা।

গতকাল সিরিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় ‘সংঘাত বন্ধের’ ঘোষণা দিলেও দ্রুজ গোষ্ঠী ও সুন্নি বেদুঈন যোদ্ধাদের মধ্যে খন্ড খন্ড লড়াই অব্যাহত আছে।

এর আগে রোববার দামেস্ক অভিমুখী মহাসড়কে বেদুঈন গোত্রের সশস্ত্র সদস্যরা একজন দ্রুজ গোত্রীয় সবজি বিক্রেতাকে অপহরণ করেন। এরপর প্রতিশোধমূলক পাল্টা অপহরণ শুরু হয়। সেখান থেকেই সংঘাতের সূত্রপাত।

সংঘাত বন্ধের জন্য গত সোমবার সওয়েইদা প্রদেশে সরকারি বাহিনী হস্তক্ষেপের ঘোষণা দেয়। সংঘাত বন্ধ ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করলেও সংঘাত অব্যাহত আছে।

তবে সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস ও দ্রুজ গোষ্ঠীর অভিযোগ, সরকারি বাহিনী সংঘাত থামানোর পরিবর্তে বেদুঈনদের পক্ষ নিয়েছে।

দ্রুজ গোষ্ঠীর অভিযোগ, সংঘাতে দ্রুজ নাগরিকদের হত্যা, বাড়িঘর, দোকানপাটে অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটছে।

যুদ্ধ পর্যবেক্ষণ সংস্থা সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস জানিয়েছে, আজও সওয়েইদা শহরে থেমে থেমে গোলাবর্ষণের ঘটনা ঘটেছে।

সওয়েইদা শহরে সরেজমিনে পরিদর্শনে যেয়ে এএফপির প্রতিবেদক প্রায় ৩০টি মরদেহ দেখেছেন, যার মধ্যে নিরাপত্তা বাহিনীর সদস্য ও অস্ত্রধারী যোদ্ধাও ছিল।

তিনি আরও জানান, শহরের কিছু এলাকায় থেমে থেমে গোলাবর্ষণের শব্দের মধ্যে থেকে ধোঁয়ার কুণ্ডলী উঠতে দেখা গেছে।

স্থানীয় সংবাদ নেটওয়ার্ক সওয়েইদা টুয়েন্টফোর জানিয়েছে, বুধবার সকাল থেকে শহরজুড়ে ভারী কামান ও মর্টার শেলের মাধ্যমে ব্যাপক গোলাবর্ষণ চালানো হয়েছে।

সিরিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, শহরের ভেতরে সরকারি বাহিনীর ওপর বিচ্ছিন্ন গোষ্ঠীগুলো হামলা চালিয়েছে। হামলার পাল্টা জবাবে অভিযান অব্যাহত রেখেছে সরকারি বাহিনী।

এর আগে এপ্রিল ও মে মাসে সওয়েইদা প্রদেশে সরকার বাহিনী ও দ্রুজ যোদ্ধাদের মধ্যে সংঘর্ষে শতাধিক মানুষের মৃত্যুর পর, এটিই সবচেয়ে বড় সংঘর্ষের ঘটনা।

এদিকে সিরিয়ার দ্রুজ সম্প্রদায়কে সুরক্ষা দেওয়ার প্রতিশ্রুতি আগেই দিয়েছিল ইসরায়েল।

এর আগে, সওয়েইদা প্রদেশে 'বেশ কয়েকটি ট্যাংকে' হামলা চালিয়েছিল ইসরায়েল। তবে এসব হামলায় কতগুলো ট্যাংক ধ্বংস হয়েছে বা কেউ হতাহত হয়েছে কী না, সে বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি।

বুধবার আবারও দামেস্ককে সতর্ক করে ইসরায়েল জানায়, যদি সিরিয়ার শাসকগোষ্ঠী আমাদের বার্তা অনুধাবন নানা করে, তাহলে সিরিয়ার বিরুদ্ধে প্রতিক্রিয়া বাড়ানো হবে।

বর্তমান সহিংসতার প্রেক্ষিতে ইসরায়েলের এই হুঁশিয়ারি পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে।

Final Edited Copy :

সিরিয়ায় ২ গোষ্ঠীর সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮

স্টার অনলাইন ডেস্ক

সিরিয়ার দক্ষিণের সওয়েইদা প্রদেশে চার দিন ধরে সুন্নি বেদুঈন ও দ্রুজ গোষ্ঠীর যোদ্ধাদের মধ্যে চলা রক্তক্ষয়ী সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮ জনে দাঁড়িয়েছে।

আজ বুধবার বার্তা সংস্থা এএফপি এই তথ্য জানিয়েছে।

নিহতদের মধ্যে ৯২ জন দ্রুজ, ২৮ জন বেসামরিক নাগরিক, ১৩৮ জন নিরাপত্তা বাহিনীর সদস্য ও ১৮ জন বেদুঈন যোদ্ধা।

গতকাল সিরিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় 'সংঘাত বন্ধের' ঘোষণা দিলেও দ্রুজ গোষ্ঠী ও সুন্নি বেদুঈন যোদ্ধাদের মধ্যে খণ্ড খণ্ড লড়াই অব্যাহত আছে।

এর আগে রোববার দামেস্ক অভিমুখী মহাসড়কে বেদুঈন গোত্রের সশস্ত্র সদস্যরা একজন দ্রুজ গোত্রীয় সবজি বিক্রেতাকে অপহরণ করেন। এরপর প্রতিশোধমূলক পাল্টা অপহরণ শুরু হয়। সেখান থেকেই সংঘাতের সূত্রপাত।

সংঘাত বন্ধে গত সোমবার সওয়েইদা প্রদেশে সরকারি বাহিনী হস্তক্ষেপের ঘোষণা দেয়। তবে এখনো পরিস্থিতি নিয়ন্ত্রণে আসেনি।

তবে সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস ও দ্রুজ গোষ্ঠীর অভিযোগ, সরকারি বাহিনী সংঘাত থামানোর পরিবর্তে বেদুঈনদের পক্ষ নিয়েছে।

দ্রুজ গোষ্ঠীর ভাষ্য, সংঘাতে দ্রুজ নাগরিকদের হত্যা, বাড়িঘর ও দোকানপাটে অগ্নিসংযোগ, লুটপাটের ঘটনা ঘটছে।

যুদ্ধ পর্যবেক্ষক সংস্থা সিরিয়ান অবজারভেটরি ফর হিউম্যান রাইটস জানিয়েছে, আজও সওয়েইদা শহরে থেমে থেমে গোলাবর্ষণের ঘটনা ঘটেছে।

সওয়েইদা শহরে সরেজমিনে পরিদর্শনে যেয়ে এএফপির প্রতিবেদক প্রায় ৩০টি মরদেহ দেখেছেন, যার মধ্যে নিরাপত্তা বাহিনীর সদস্য ও অস্ত্রধারী যোদ্ধাও ছিল।

তিনি আরও জানান, শহরের কিছু এলাকায় থেমে থেমে গোলাবর্ষণের শব্দের মধ্যে থেকে ধোঁয়ার কুণ্ডলী উঠতে দেখা গেছে।

স্থানীয় সংবাদ নেটওয়ার্ক সওয়েইদা টুয়েন্টফোর জানিয়েছে, বুধবার সকাল থেকে শহরজুড়ে ভারী কামান ও মর্টার শেলের মাধ্যমে ব্যাপক গোলাবর্ষণ চালানো হয়েছে।

সিরিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, শহরের ভেতরে সরকারি বাহিনীর ওপর বিচ্ছিন্ন গোষ্ঠীগুলো হামলা চালিয়েছে। হামলার পাল্টা জবাবে অভিযান অব্যাহত রেখেছে সরকারি বাহিনী।

এর আগে এপ্রিল ও মে মাসে সওয়েইদা প্রদেশে সরকার বাহিনী ও দ্রুজ যোদ্ধাদের মধ্যে সংঘর্ষে শতাধিক মানুষের মৃত্যুর পর এটিই সবচেয়ে বড় সংঘর্ষের ঘটনা।

এদিকে সিরিয়ার দ্রুজ সম্প্রদায়কে সুরক্ষা দেওয়ার প্রতিশ্রুতি আগেই দিয়েছিল ইসরায়েল।

এর আগে সওয়েইদা প্রদেশে 'বেশ কয়েকটি ট্যাংকে' হামলা চালিয়েছিল ইসরায়েল। তবে এসব হামলায় কতগুলো ট্যাংক ধ্বংস হয়েছে বা কেউ হতাহত হয়েছে কি না, সে বিষয়ে কোনো তথ্য জানানো হয়নি।

বুধবার আবারও দামেস্ককে সতর্ক করে ইসরায়েল জানায়, যদি সিরিয়ার শাসকগোষ্ঠী আমাদের বার্তা অনুধাবন না করে, তাহলে সিরিয়ার বিরুদ্ধে প্রতিক্রিয়া বাড়ানো হবে।

সহিংসতার পরিপ্রেক্ষিতে ইসরায়েলের এই হুঁশিয়ারি পরিস্থিতিকে আরও জটিল করে তুলতে পারে।

শনিবার, জুলাই ২৬, ২০২৫

The Daily Star বাংলা

আজকের সংবাদ | English

বাংলাদেশ আন্তর্জাতিক মতামত স্বাস্থ্য খেলা বাণিজ্য বিনোদন জীবনযাপন সাহিত্য শিক্ষা প্রযুক্তি প্রবাসে

আন্তর্জাতিক

স্টার অনলাইন ডেস্ক

বুধবার জুলাই ১৬, ২০২৫ ১১:৩৫ অপরাহ্ন

সর্বশেষ আপডেট: বৃহস্পতিবার জুলাই ১৭, ২০২৫ ১০:৫৯ পূর্বাহ্ন

সিরিয়ায় ২ গোষ্ঠীর সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮

ছবি: এএফপি

সিরিয়ার দক্ষিণের সওয়েইদা প্রদেশে চার দিন ধরে সুন্নি বেদুঈন ও দ্রুজ গোষ্ঠীর যোদ্ধাদের মধ্যে চলা রক্তক্ষয়ী সংঘাতে নিহতের সংখ্যা বেড়ে ২৪৮ জনে দাঁড়িয়েছে।

পড়তে পারেন

১ বাংলাদেশ ব্যাংকের লাল তালিকায় ২০ এনবিএফআই

২ নোনাজলে ভেসে যাচ্ছে সাতক্ষীরার মুন্ডা শিশুদের ভবিষ্যৎ

৩ বাংলাদেশে শুল্কমুক্ত সুবিধা চেয়ে যুক্তরাষ্ট্রের 'বিশাল' তালিকা

৪ প্রোসপেরা: মৃত্যু আর কর ফাঁকি দিতে ধনকুবেররা ছুটে যান যে দ্বীপে

৫ জাতি হিসেবে আমরা শিক্ষায় মনোনিবেশ করছি না, পিছিয়ে পড়ছি

আপনার প্রয়োজনীয় সকল আর্থিক সেবায় বাংলাদেশ ফাইন্যান্স
বিকাশ বান্ডেল নিলেই জিতবেন! সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে
The Daily Star | English
টিস্যুর সুরক্ষায় শাইন টিস্যু হোল্ডার Shine
সব মোমেন্টে বিকাশ পেমেন্ট আছে ক্যাশব্যাক, ডিসকাউন্ট বিকাশ

Image 4.1: A screenshot of this news published on The Daily Star Bangla website.
Link: https://bangla.thedailystar.net/international/news-686656



Image 4.2: I have written this news in MS Word.



Image 4.3: After completing this writing, I have submitted my writing to sub-editor Ishtiaque Khan.

Project 5

Project Title: খামেনির উত্থান যেভাবে

Project Type: International News

Date Assigned: 18 June 2025

Date Published: 19 June 2025

Project Details: This project covers the rise of Ayatollah Ali Khamenei, the supreme leader of Iran, who is one of the most influential persons in the Middle East. Israeli Prime Minister Netanyahu and U.S. President Donald Trump hinted at Khamenei by claiming that his removal could prevent the nuclear war and conflict. In this case, Khamenei declared that he would not compromise and promised a strong response against Zionists. Besides, it covers how Khamenei's leadership has shaped the nuclear program and resistance against the West, while he has always avoided the war.

The sub-editor at The Daily Star, Arafath Shetu, assigned me this task and told me to write a news story following those articles, among them one titled 'Rise of the Supreme Leader of Iran, Ayatollah Ali Khamenei.' Since the Iran-Israel war is a hot topic in geopolitics and Ayatollah Khamenei has come into the spotlight through this war, the public has an interest in him. That's why he assigned me to do this news report.

Roles and Responsibilities: In this task, my main role was to read the given English news article carefully to understand Khamenei's roles in the complex situation between Israel and Iran. To write the news, I had to research Khamenei's long journey from a religious person to Iran's supreme leader. Then I had to translate the information into simple and clear Bangla in order that readers could understand easily. Moreover, I had to include the comments of Donald Trump and Benjamin Netanyahu on the issue of Khamenei in the report. After that, I organized the report in a proper structure with a strong lead, background, and conclusion. Besides, I had to make sure the report was factual and balanced. Finally, I submitted the draft to my senior in time.

Challenges: To complete this project, I faced some challenges. Since it was an international news piece and my task was to translate it from English to Bangla and write the news. So, it was difficult for me to explain such complex international political issues in a simple and clear way. Besides, to complete this project I gathered information from various sources, so it was also hard for me to compile that information in one news report. Moreover, I also struggled to maintain the tone of translation consistent with the original news style. Then it was difficult to keep the report smooth when writing about old events and new updates cooperatively.

Mistakes:

- Did not organize the eye-catching title.
- Did not use the connector word properly. For example, I used ‘তবে’ instead of ‘কিন্তু’.
- Write the English abbreviation of the organization in Bangla news.
- Did not add some information in the conclusion part.
- Did not mention the person’s (Ali Khamenei) recognition before his name when writing about him.

Learnings and Outcomes:

- Learned how to translate and write international news from English to Bangla correctly and clearly.
- Gained knowledge of how to summarize and translate political news into simple Bangla.
- Learned how to write news by gathering information from multiple sources.
- Improved my skills. How to organize a news report with proper structure.
- Learned how to maintain a neutral and simple tone while writing this sensitive news.
- Known how to incorporate organizational terms like IRGC and ‘Axis of Resistance’ in the native language.
- Learned about the life and legacy of Khamenei.

Original News Story:

As the conflict between Israel and Iran intensifies, both US President Donald Trump and Israeli Prime Minister Benjamin Netanyahu have raised the possibility of targeting Tehran’s all-powerful leader, Ayatollah Ali Khamenei.

A direct attack on Khamenei would plunge the region into uncharted territory.

One of the most powerful men in the Middle East, Khamenei has ruled Iran with an iron fist for nearly four decades, facing off against the US and Israel while crushing dissent at home and advancing Iran’s controversial nuclear program.

As supreme leader, he wields control of the government, judiciary and military in the nation of 90 million, as well as Iran’s Revolutionary Guard (IRGC) and the powerful Quds force, a clandestine IRGC unit that oversees proxies including Hamas, Hezbollah and the Houthis.

Born in 1939 in Mashhad, Iran’s holiest city, Khamenei was the protégé of Ayatollah Ruhollah Khomeini, one of the main leaders of the revolution that toppled Iran’s pro-Western monarchy in 1979 and established the Islamic Republic.

He was also a target for Khomeini's opponents and escaped an assassination attempt in 1981 that left his right arm useless.

Khamenei became supreme leader following Khomeini's death in 1989. Since then, he has expanded Iran's influence far beyond its own borders, positioning it as a regional power to be reckoned with.

For more than 30 years under Khamenei's leadership, Iran avoided direct conflicts with its adversaries, entrenching itself with a network of allied militant groups spread throughout the region known as the "Axis of Resistance."

That changed when Hamas attacked Israel on October 7, 2023.

Israel's war in Gaza and attacks on Hezbollah, one of Iran's most prized proxies, have emboldened Israel and shattered the image of Iran as an impenetrable power, culminating in last week's unprecedented strikes against Iran's nuclear facilities and top military leadership.

My Edited Copy:

খামেনিকে হত্যা করা হলে 'সংঘাত শেষ হবে' এবং 'পরমাণু যুদ্ধ' বন্ধ হবে বলে হুশিয়ারি দিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও খামেনিকে 'সহজ লক্ষবস্তু' হিসেবে অভিহিত করেছেন।

ইসরায়েল ও ইরানের মধ্যকার চলমান সংঘাতে ট্রাম্প ও নেতানিয়াহু কয়েকদিন ধরেই ইরানের সর্বোচ্চ নেতাকে সরাসরি লক্ষ্যবস্তু করার আভাস দিয়ে আসছেন।

তবে মৃত্যুর হুমকিতেও আপোসহীন থাকার কথা জানিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি।

চলমান পরিস্থিতিতে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি অঙ্গীকার করেছেন, তিনি ইসরায়েলি শাসকদের কোনো ছাড় দেবেন না। ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধ জয়ের প্রত্যয়ও জানিয়েছেন ইরানের এই ধর্মীয় নেতা।

সামাজিক মাধ্যম এক্সে পোস্ট করে খামেনি বলেন, 'আমাদেরকে অবশ্যই (ইসরায়েলের) সন্ত্রাসী ও জায়নবাদি শাসকদের কড়া জবাব দিতে হবে। আমরা জায়নবাদিদের কোনো ছাড় দেব না।'

তবে মধ্যপ্রাচ্যের ভুরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনির ওপর সরাসরি হামলা হলে তা মধ্যপ্রাচ্যকে এক অনিশ্চিত ও অজানা সংকটের দিকে ঠেলে দিতে পারে।

যুক্তরাষ্ট্র-ইসরায়েল সহ পশ্চিমা পরাশক্তিদের সঙ্গে কয়েক দশক ধরে লড়াই করে টিকে থাকা খামেনির উত্থান কিভাবে?

মধ্যপ্রাচ্যের সবচেয়ে ক্ষমতাধর ব্যক্তিদের একজন আয়াতুল্লাহ আলি খামেনি।

প্রায় চার দশক ধরে শক্ত হাতে ইরান শাসন করছেন। এ সময় কালে তিনি বিশ্বের সবচেয়ে বড় পরাশক্তি যুক্তরাষ্ট্র ও তার মিত্র ইসরায়েলের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন।

যুক্তরাষ্ট্র সহ পশ্চিমা পরাশক্তিদের বাঁধা সত্ত্বেও ইরানের পারমাণবিক কর্মসূচিকে এগিয়ে নিয়ে গেছেন, দেশের অভ্যন্তরীণ আন্দোলন, ভিন্নমত দমন করেছেন ।

ইরানের সরকার, বিচার বিভাগ ও সেনাবাহিনীর ওপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিজের হাতে রেখেছেন খামেনি।

পাশাপাশি তার নিয়ন্ত্রণে রয়েছে বিপ্লবী গার্ড (IRGC) ও কুদস বাহিনী। যারা হামাস, হিজবুল্লাহ এবং হুতি মিলিশিয়াদের পৃষ্ঠপোষকতা করে।

ইরানের পবিত্র শহর মাশহাদে ১৯৩৯ সালে জন্মগ্রহণ করেন খামেনি ।তিনি ইরানের ইসলামি বিপ্লবের প্রধান নেতা আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনির ঘনিষ্ঠ অনুসারী ছিলেন। সেই বিপ্লবেই পশ্চিমাপন্থী রাজতন্ত্র উৎখাত হয়ে ইসলামি প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

১৯৮১ সালে খোমেনির বিরোধীরা খামেনিকে হত্যা চেষ্টা করলে তার ডান হাত অকেজো হয়ে যায়। খোমেনির মৃত্যুর পর ১৯৮৯ সালে ইরানের সর্বোচ্চ নেতা হন খামেনি ।

সর্বোচ্চ নেতা হওয়ার পর তিনি ইরানকে দেশের সীমানা ছাড়িয়ে একটি আঞ্চলিক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত করেন এবং প্রভাব বিস্তার করতে থাকেন। ‘এক্সিস অব রেজিস্টেন্স’ নামে পরিচিত একাধিক মিত্র সশস্ত্র গোষ্ঠীর গড়ে তুলার মাধ্যমে মাধ্যমে মধ্যপ্রাচ্যে ইরানের অবস্থান শক্ত করেন।

তিন দশকেরও বেশি সময় ইরানকে নেতৃত্ব দিলেও, খামেনি তার শত্রুদের সঙ্গে সরাসরি যুদ্ধে জড়াননি।

তবে ইরানের এই মনোভাবে পরিবর্তন আসে যখন ২০২৩ সালের ৭ অক্টোবর হামাস ইসরায়েলে হামলা চালায়।

এরপর গাজায় ইসরায়েলি যুদ্ধ, হিজবুল্লাহর ওপর হামলা এবং গত সপ্তাহে ইরানের পারমাণবিক স্থাপনা ও শীর্ষ সামরিক নেতৃত্বের ওপর ইসরায়েলের নজিরবিহীন হামলায় ইরানের অভেদ্য শক্তির ভাবমূর্তিকে ভেঙে দেয়।

Final Edited Copy:

খামেনিকে হত্যা করা হলে 'সংঘাত শেষ হবে' এবং 'পরমাণু যুদ্ধ' বন্ধ হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও খামেনিকে 'সহজ লক্ষবস্তু' হিসেবে অভিহিত করেছেন।

ইসরায়েল ও ইরানের মধ্যকার চলমান যুদ্ধে ট্রাম্প ও নেতানিয়াহু কয়েকদিন ধরেই ইরানের সর্বোচ্চ নেতাকে সরাসরি লক্ষ্যবস্তু করার আভাস দিয়ে আসছেন।

কিন্তু মৃত্যুর হুমকিতেও আপসহীন থাকার কথা জানিয়েছেন ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনি।

চলমান পরিস্থিতিতে খামেনি অঙ্গীকার করেছেন, তিনি ইসরায়েলি শাসকদের কোনো ছাড় দেবেন না। ইসরায়েলের বিরুদ্ধে যুদ্ধ জয়ের প্রত্যয়ও জানিয়েছেন ইরানের এই সর্বোচ্চ ধর্মীয় নেতা।

সামাজিকমাধ্যম এক্সে পোস্ট করে খামেনি বলেন, 'আমাদেরকে অবশ্যই (ইসরায়েলের) সন্ত্রাসী ও জায়নবাদী শাসকদের কড়া জবাব দিতে হবে। আমরা জায়নবাদীদের কোনো ছাড় দেবো না।'

তবে মধ্যপ্রাচ্যের ভূরাজনীতির অন্যতম প্রধান ব্যক্তি আয়াতুল্লাহ আলি খামেনির ওপর সরাসরি

হামলা হলে তা মধ্যপ্রাচ্যকে এক অনিশ্চিত ও অজানা সংকটের দিকে ঠেলে দিতে পারে।

খামেনির উত্থান

যুক্তরাষ্ট্র-ইসরায়েলসহ পশ্চিমা পরাশক্তিদের সঙ্গে কয়েক দশক ধরে লড়াই করে টিকে রয়েছেন খামেনি। তিনি মধ্যপ্রাচ্যের সবচেয়ে ক্ষমতাধর ব্যক্তিদের একজন।

প্রায় চার দশক ধরে শক্ত হাতে ইরান শাসন করছেন খামেনি। এ সময়কালে তিনি বিশ্বের সবচেয়ে বড় পরাশক্তি যুক্তরাষ্ট্র ও তার মিত্র ইসরায়েলের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন।

যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা পরাশক্তিদের বাঁধা সত্ত্বেও ইরানের পারমাণবিক কর্মসূচিকে এগিয়ে নিয়ে গেছেন, দেশের অভ্যন্তরীণ আন্দোলন ও ভিন্নমত দমন করেছেন।

ইরানের সরকার, বিচার বিভাগ ও সেনাবাহিনীর ওপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিজের হাতে রেখেছেন খামেনি। পাশাপাশি তার নিয়ন্ত্রণে রয়েছে বিপ্লবী গার্ড ও কুদস বাহিনী—যারা হামাস, হিজবুল্লাহ ও হুতিদের পৃষ্ঠপোষকতা করে।

ইরানের পবিত্র শহর মাশহাদে ১৯৩৯ সালে জন্মগ্রহণ করেন খামেনি। তিনি ইরানের ইসলামি বিপ্লবের প্রধান নেতা আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনির ঘনিষ্ঠ অনুসারী ছিলেন। সেই বিপ্লবেই পশ্চিমাপন্থি রাজতন্ত্র উৎখাত হয়ে ইসলামি প্রজাতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

১৯৮১ সালে খোমেনির বিরোধীরা খামেনিকে হত্যা চেষ্টা করলে তার ডান হাত অকেজো হয়ে যায়। খোমেনির মৃত্যুর পর ১৯৮৯ সালে ইরানের সর্বোচ্চ নেতা হন খামেনি।

সর্বোচ্চ নেতা হওয়ার পর তিনি ইরানকে দেশের সীমানা ছাড়িয়ে একটি আঞ্চলিক শক্তি হিসেবে প্রতিষ্ঠিত করেন এবং প্রভাব বিস্তার করতে থাকেন এবং 'অ্যাক্সিস অব রেজিস্ট্যান্স' নামে পরিচিত একাধিক মিত্র সশস্ত্র গোষ্ঠী গড়ে তোলার মাধ্যমে মধ্যপ্রাচ্যে ইরানের অবস্থান শক্ত করেন।

তিন দশকেরও বেশি সময় ইরানকে নেতৃত্ব দিলেও খামেনি তার শত্রুদের সঙ্গে সরাসরি যুদ্ধে জড়াননি।

তবে ইরানের এই মনোভাবে পরিবর্তন আসে ২০২৩ সালের ৭ অক্টোবর, যখন হামাস ইসরায়েলে হামলা চালায়।

এরপর গাজায় ইসরায়েলি যুদ্ধ, হিজবুল্লাহর ওপর হামলা এবং গত সপ্তাহে ইরানের পারমাণবিক স্থাপনা ও শীর্ষ সামরিক নেতৃত্বের ওপর ইসরায়েলের নজিরবিহীন হামলায় পরিস্থিতি বদলে যায়। শুরু হয় ইরান-ইসরায়েল যুদ্ধ।

ট্রাম্প ইরানকে 'নিঃশর্ত আত্মসমর্পণ'র আহ্বান জানালে প্রত্যুত্তরে খামেনি বলেছেন, 'যারা ইরান, এর জনগণ ও ইতিহাস সম্পর্কে জানেন তারা এমন ভাষায় হুমকি দেন না। কারণ, ইরানিরা আত্মসমর্পণ করার জাতি নয়।'

Image 5.1: A screenshot of this news published on The Daily Star Bangla website.

Link: https://bangla.thedailystar.net/international/news-680601



Image 5.2: I have written this news on MS Word.



Image 5.3: I have sent the news to the sub-editor, Arafath Shetu

Project 6

Project Title: ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাবে রাজি হয়েও থাইল্যান্ড-কম্বোডিয়ার গোলাবর্ষণ অব্যাহত

Project Type: International news

Date Assigned: 27 July 2025

Date Published: 27 July 2025

Project Details: This report covers the border conflict between Thailand and Cambodia despite U.S. president Donald Trump's effort to mediate a ceasefire. Both countries agreed to talk about a ceasefire after talks with Trump, but the violent clashes have continued along the disputed border areas, including heavy gunfire. The conflict entered its fourth day, killing at least 30 people and forcing more than 130,000 people to leave their homes. The main reason for the conflict is a disagreement over the ownership of a Hindu temple located in the disputed part of the 817-kilometer border. And both armies blame each other for the attacks. Basically, this news highlights the historical land disputes and the challenges of international mediation.

In this task, I scrolled various websites and found this news and asked a senior vaiya to get permission to write the news. When he gave permission, I started to write the news.

Roles and Responsibilities: In this project, my responsibility was to read the English news article carefully and cut the unnecessary information. As well as , I had to maintain neutrality while reporting the statements from both sides. Besides, I had to make sure the information I wrote in the news was accurate and submitted within one hour.

Challenges: Since there was a lot of information in the original copy of the news and the incidents were written in an elaborate style. So, I had to cut the unnecessary information and add extra information from another website. Besides, I took time to understand the complex historical conflict between Thailand and Cambodia.

Mistakes:

- Made a little mistake on the title.
- Did not properly use the conjunction words.
- Did mention the name of the date when the incident happened.
- Wrote 'সাথে' instead of 'সঙ্গে'.

Learnings and Outcomes:

- Learned how to write a report on international conflict in a responsible way.
- Improve my skills to write international news for local readers.
- Understood the importance of 'conjunction words.'
- Gained hands-on experience in fact-checking when dealing with legal procedures.

Original News Story:

SISAKET, Thailand, July 27 (Reuters) - Cambodia and Thailand each said the other had launched artillery attacks across contested border areas early on Sunday, hours after U.S. President Donald Trump said the leaders of both countries had agreed to work on a ceasefire.

Four days after the worst fighting in more than a decade broke out between the Southeast Asian neighbours, the death toll stood above 30, mainly civilians. More than 130,000 people have been evacuated from border areas in the two countries.

Cambodia's Defence Ministry said Thailand had shelled and launched ground assaults on Sunday morning at a number of points, including in Phnom Kmoach, which borders Thailand's coastal Trat province. The ministry's spokesperson said heavy artillery was fired at temple complexes.

The Thai army said Cambodia had fired shots into several areas, including near civilian homes, early on Sunday. The governor of Surin told Reuters artillery shells had been fired into the province, damaging a house and killing some livestock.

In the Thai province of Sisaket, Reuters reporters heard shelling early on Sunday and said it was unclear which side of the border it was on.

"If there is a ceasefire, things will be better," Sisaket resident Thavorn Toosawan told Reuters. "It's great that America is insisting on the ceasefire because it would bring peace."

TRUMP SPEAKS TO BOTH LEADERS

Trump said on Saturday that he had spoken with the prime ministers of Thailand and Cambodia and they had agreed to meet immediately to quickly work out a ceasefire to end fighting that began on Thursday. Bangkok and Phnom Penh each say the other side started the hostilities.

"Both Parties are looking for an immediate Ceasefire and Peace," Trump wrote on social media. Cambodian Prime Minister Hun Manet endorsed the call for the fighting to stop.

"I made it clear to Honourable President Donald Trump that Cambodia agreed with the proposal for an immediate and unconditional ceasefire between the two armed forces," Hun Manet posted on Facebook, noting he had also agreed to Malaysia's earlier ceasefire proposal.

'Nearly everybody's gone. It's almost a deserted city here,'

Thailand's response was more qualified, as it had been with the proposal from Malaysian Prime Minister Anwar Ibrahim, saying Cambodia needed to do more before talks could begin.

"I thanked President Trump for his concern and expressed that Thailand agrees in principle to have a ceasefire in place. However, Thailand would like to see sincere intention from the Cambodian side," acting Prime Minister Phumtham Wechayachai said on Facebook.

The countries have faced off since the killing of a Cambodian soldier late in May during a brief skirmish. Troops on both sides of the border were reinforced amid a full-blown diplomatic crisis that brought Thailand's fragile coalition government to the brink of collapse.

Thailand and Cambodia have bickered for decades over undemarcated points along their 817-km (508-mile) land border, with ownership of the ancient Hindu temples Ta Moan Thom and the 11th century Preah Vihear central to the disputes.

Preah Vihear was awarded to Cambodia by the International Court of Justice in 1962, but tension escalated in 2008 after Cambodia attempted to list it as a UNESCO World Heritage site, and skirmishes over several years brought at least a dozen deaths.

Cambodia said in June it had asked the court to resolve its disputes with Thailand, which says it has never recognised the court's jurisdiction and prefers a bilateral approach.

My Edited Copy:

ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব সত্ত্বেও থাইল্যান্ড-কম্বোডিয়ার গোলাবর্ষণ অব্যাহত

স্টার অনলাইন ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় সম্মত হয়েছিল থাইল্যান্ড ও কম্বোডিয়া। তবে আজও সীমান্তে পাল্টাপাল্টি গোলাবর্ষণ অব্যাহত রেখেছে দেশ দুটি।

আজ রয়টার্সের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়।

বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এই দুই দেশের মধ্যে রক্তক্ষয়ী সীমান্ত সংঘর্ষ আজ চতুর্থ দিনে গড়িয়েছে।

আজ রোববার ভোরে বিরোধপূর্ণ সীমান্ত এলাকায় পাল্টাপাল্টি গোলাবর্ষণের ঘটনা ঘটছে।

কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, রোববার সকালে থাইল্যান্ড একাধিক স্থানে গোলাবর্ষণ ও স্থল হামলা চালিয়েছে। কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মুখপাত্র জানান, মন্দির স্থাপনাগুলোতে ভারী গোলাবর্ষণ করেছে থাইল্যান্ড।

এদিকে থাইল্যান্ডের সেনাবাহিনী জানিয়েছে, আজ ভোরে কয়েকটি এলাকায় বসতবাড়ির কাছে গুলিবর্ষণ করেছে কম্বোডিয়া।

সুরিন প্রদেশের গভর্নর রয়টার্সকে জানান, সেখানে গোলাবর্ষণে একটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কিছু গবাদি পশু মারা গেছে।

এদিকে রয়টার্সের সংবাদকর্মীরা রোববার ভোরে থাইল্যান্ডের সিসাকেট প্রদেশে গোলাবর্ষণের শব্দ শুনেছেন, তবে এটি সীমান্তের কোন প্রান্ত থেকে হয়েছে তা নিশ্চিত করতে পারেননি।

এর আগে গত শনিবার থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে যুদ্ধবিরতি নিয়ে আলোচনা শুরু করতে দুই দেশের প্রধানমন্ত্রীর সাথে কথা বলেছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

ট্রাম্প জানান, তিনি থাইল্যান্ড ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন এবং তারা দ্রুত যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় বসতে সম্মত হয়েছেন। সংঘর্ষ বন্ধে তারা দ্রুত পদক্ষেপ নেবেন বলেও জানান তিনি।

ট্রাম্প সামাজিকমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে লিখেন, ‘উভয় দেশই তাৎক্ষণিক যুদ্ধবিরতি ও শান্তি চাইছে।’

ট্রাম্পের সংঘর্ষ বন্ধের আহ্বানকে স্বাগত জানিয়ে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন মানেত ফেসবুকে এক পোস্টে বলেন, কম্বোডিয়া দুই দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে তাৎক্ষণিক ও নিঃশর্ত যুদ্ধবিরতির প্রস্তাবে সম্মত হয়েছে।

অন্যদিকে থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী ফুমথাম ওয়েচায়াচাই ফেসবুকে এক পোস্টে লিখেন, ‘আমি প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্বেগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং থাইল্যান্ড নীতিগতভাবে যুদ্ধবিরতির প্রতি সম্মত।

তবে, কম্বোডিয়ার পক্ষ থেকে থাইল্যান্ড আন্তরিক মনোভাব দেখতে চায় বলেও জানান তিনি।

গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে সবচেয়ে তীব্র এই সংঘর্ষে চারদিনে অন্তত ৩০ জন নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই থাই বেসামরিক নাগরিক।

দুই দেশের সীমান্ত এলাকা থেকে প্রায় ১ লাখ ৩০ হাজারের বেশি মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে।

উল্লেখ্য, থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে ৮১৭ কিলোমিটার দীর্ঘ স্থল সীমান্তের অনির্ধারিত অংশ নিয়ে বহু বছর ধরে বিবাদ চলমান রয়েছে, যেখানে প্রাচীন হিন্দু মন্দির 'তা মুয়েন থম' ও ১১ শতকের 'প্রেহা ভিহিয়ার' মন্দিরের মালিকানা এই বিবাদের মূল কেন্দ্র

Final Edited Copy:

ট্রাম্পের যুদ্ধবিরতি প্রস্তাবে রাজি হয়েও থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্তে গোলাবর্ষণ

স্টার অনলাইন ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় সম্মত হয়েছে থাইল্যান্ড ও কম্বোডিয়া। তারপরও সীমান্তে পাল্টাপাল্টি গোলাবর্ষণ অব্যাহত রেখেছে দেশ দুটি।

আজ রোববার রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

বৃহস্পতিবার থেকে শুরু হওয়া প্রতিবেশী দুই দেশের মধ্যে রক্তক্ষয়ী সীমান্ত সংঘর্ষ আজ চতুর্থ দিনে গড়িয়েছে।

আজ ভোরেও বিরোধপূর্ণ সীমান্ত এলাকায় পাল্টাপাল্টি গোলাবর্ষণের ঘটনা ঘটছে।

কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, রোববার সকালে থাইল্যান্ড একাধিক স্থানে গোলাবর্ষণ ও স্থল হামলা চালিয়েছে।

কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মুখপাত্র জানান, মন্দির ও স্থাপনাগুলোতে ভারী গোলাবর্ষণ করেছে থাইল্যান্ড।

এদিকে থাইল্যান্ডের সেনাবাহিনী জানিয়েছে, আজ ভোরে কয়েকটি এলাকায় বসতবাড়ির কাছে গুলিবর্ষণ করেছে কম্বোডিয়া।

সুরিন প্রদেশের গভর্নর রয়টার্সকে জানান, সেখানে গোলাবর্ষণে একটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং কিছু গবাদি পশু মারা গেছে।

রয়টার্সের সংবাদকর্মীরাও ভোরে থাইল্যান্ডের সিসাকেট প্রদেশে গোলাবর্ষণের শব্দ শুনেছেন, তবে এটি সীমান্তের কোন প্রান্ত থেকে হয়েছে, তা নিশ্চিত করতে পারেননি।

এর আগে, শনিবার থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে যুদ্ধবিরতি নিয়ে আলোচনা শুরু করতে দুই দেশের প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেন ডোনাল্ড ট্রাম্প।

ট্রাম্প জানান, তিনি থাইল্যান্ড ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন এবং তারা দ্রুত যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় বসতে সম্মত হয়েছেন। সংঘর্ষ বন্ধে তারা দ্রুত পদক্ষেপ নেবেন বলেও জানান তিনি।

ট্রাম্প সামাজিকমাধ্যম ট্রুথ সোশ্যালে এক পোস্টে লিখেন, 'উভয় দেশই তাৎক্ষণিক যুদ্ধবিরতি ও শান্তি চাইছে।'

ট্রাম্পের সংঘর্ষ বন্ধের আহ্বানকে স্বাগত জানিয়ে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন মানেত ফেসবুকে এক পোস্টে বলেন, 'কম্বোডিয়া দুই দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে তাৎক্ষণিক ও নিঃশর্ত যুদ্ধবিরতির প্রস্তাবে সম্মত হয়েছে।'

অন্যদিকে, থাইল্যান্ডের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী ফুমথাম ওয়েচায়াচাই ফেসবুকে এক পোস্টে লিখেন, 'আমি প্রেসিডেন্ট ট্রাম্পের উদ্বেগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং থাইল্যান্ড নীতিগতভাবে যুদ্ধবিরতির প্রতি সম্মত।'

তবে কম্বোডিয়ার পক্ষ থেকে থাইল্যান্ড আন্তরিক মনোভাব দেখতে চায় বলেও জানান তিনি।

গত এক দশকেরও বেশি সময়ের মধ্যে সবচেয়ে তীব্র এই সংঘর্ষে চারদিনে অন্তত ৩০ জন নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই থাই বেসামরিক নাগরিক।

দুই দেশের সীমান্ত এলাকা থেকে প্রায় ১ লাখ ৩০ হাজারের বেশি মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে।

উল্লেখ্য, থাইল্যান্ড ও কম্বোডিয়ার মধ্যে ৮১৭ কিলোমিটার দীর্ঘ স্থল সীমান্তের অনির্ধারিত অংশ নিয়ে বহু বছর ধরে বিবাদ চলমান রয়েছে, যেখানে প্রাচীন হিন্দু মন্দির 'তা মুয়েন থম' ও ১১ শতকের 'প্রেহা ভিহিয়ার' মন্দিরের মালিকানা এই বিবাদের মূল কেন্দ্র।

রোববার, জুলাই ২৭, ২০২৫

The Daily Star বাংলা

আজকের সংবাদ | English

বাংলাদেশ | আন্তর্জাতিক | মতামত | স্বাস্থ্য | খেলা | বাণিজ্য | বিনোদন | জীবনযাপন | সাহিত্য | শিক্ষা | প্রযুক্তি | প্রবাসে

আন্তর্জাতিক

স্টার অনলাইন ডেস্ক

রোববার জুলাই ২৭, ২০২৫ ০৪:০৪ অপরাহ্ন

সর্বশেষ আপডেট: রোববার জুলাই ২৭, ২০২৫ ০৪:০৪ অপরাহ্ন

ট্রাম্পের যুদ্ধবিরতি প্রস্তাবে রাজি হয়েও থাইল্যান্ড-কম্বোডিয়া সীমান্তে গোলাবর্ষণ

থাইল্যান্ডের গোলাবর্ষণে বিধ্বস্ত কম্বোডিয়ার ওদ্দার মিনচে প্রদেশে একটি বৌদ্ধ মন্দির। ছবি: এএফপি

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় সম্মত হয়েছে থাইল্যান্ড ও কম্বোডিয়া। তারপরও সীমান্তে পাল্টাপাল্টি গোলাবর্ষণ অব্যাহত রেখেছে দেশ দুটি।

পড়তে পারেন

১ বাংলাদেশ ব্যাংকের লাল তালিকায় ২০ এনবিএফআই

২ নোনাজলে ভেসে যাচ্ছে সাতক্ষীরার মুন্ডা শিশুদের ভবিষ্যৎ

৩ বাংলাদেশে শুল্কমুক্ত সুবিধা চেয়ে যুক্তরাষ্ট্রের 'বিশাল' তালিকা

৪ প্রোসপেরা: মৃত্যু আর কর ফাঁকি দিতে ধনকুবেররা ছুটে যান যে দ্বীপে

৫ জাতি হিসেবে আমরা শিক্ষায় মনোনিবেশ করছি না, পিছিয়ে পড়ছি

সম্পর্কিত খবর

আপনার প্রয়োজনীয় সকল আর্থিক সেবায় বাংলাদেশ ফাইন্যান্স

বিকাশ বান্ডেল নিলেই জিতবেন! সেন্ড মানি বান্ডেল কিনে জিতুন প্রতি লেনদেনে

সব মোমেন্টে বিকাশ পেমেন্ট আছে ক্যাশব্যাক, ডিসকাউন্ট বিকাশ

Image 6.1: A screenshot of this news published on The Daily Star Bangla website.

Link: https://bangla.thedailystar.net/international/news-689036



ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব সত্ত্বেও থাইল্যান্ড-কম্বোডিয়ার গোলাবর্ষণ অব্যাহত

স্টার অনলাইন ডেস্ক

মার্কিন প্রসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মধ্যস্থতায় যুদ্ধবিরতি নিয়ে আলোচনায় সম্মত হয়েছিল থাইল্যান্ড ও কম্বোডিয়া। তবে আজও সীমান্তে পাল্টাপাল্টি গোলাবর্ষণ অব্যাহত রেখেছে দেশ দুটি।

আজ রয়টার্সের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়।

বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এই দুই দেশের মধ্যে রক্তক্ষয়ী সীমান্ত সংঘর্ষ আজ চতুর্থ দিনে গড়িয়েছে।

আজ রোববার ভোরে বিরোধপূর্ণ সীমান্ত এলাকায় পাল্টাপাল্টি গোলাবর্ষণের ঘটনা ঘটছে।

কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, রোববার সকালে থাইল্যান্ড একাধিক স্থানে গোলাবর্ষণ ও স্থল হামলা চালিয়েছে। কম্বোডিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের মুখপাত্র জানান, মন্দির স্থাপনাগুলোতে ভারী গোলাবর্ষণ করেছে থাইল্যান্ড।

এদিকে থাইল্যান্ডের সেনাবাহিনী জানিয়েছে, আজ ভোরে কয়েকটি এলাকায় বসতবাড়ির কাছে গুলিবর্ষণ করেছে কম্বোডিয়া।

সুরিন প্রদেশের গভর্নর রয়টার্সকে জানান, সেখানে গোলাবর্ষণে একটি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে এবং

Image 6.2: I have written this news in MS Word.



Image 6.3: After completing this writing, I have submitted my writing to sub-editor Arafath Shetu.

Project 7

Project Title: প্রায় ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ায় উড়োজাহাজ বিধ্বস্ত

Project Type: International news

Date Assigned: 24 July 2025

Date Published: 24 July 2025

Project Details: This report focused on translating and rewriting an international aviation disaster news item from live updates of the Russian news agency TASS. Actually this incident involved the crash of the AN-24 passenger plane operated by Angara Airlines in the Amur region of Russia. This report included the important details about the number of passengers, passenger casualties, rescue efforts, and official statements from Russian authorities.

The sub-editor, Arafath Shetu, assigned this task and told me to write the news and follow the live updates.

Roles and Responsibilities: In this task, my main role was to translate the original copy into Bangla from English sources. Since it was live news, I had to continuously visit news websites and follow updates to write the report accurately. Then present the news in a clear and understandable format and submit the copy to the sub-editor quickly.

Challenges: To complete this task, I faced some challenges. It was difficult for me to understand the aviation-related terminology. Translating complex emergency response terms into accessible Bangla by keeping the emotional impact. Besides, referring to the sensitive information of this report, like the death number and children's death number, by verifying facts is another challenge to me in this project. As well as, I faced another challenge by translating the Russian name and designation into Bangla accurately.

Mistakes:

- Did not organize the eye-catching and appropriate title.
- Did not mention the primary source in this news.
- Used extra information in the one sentence.
- Made some spelling mistakes.
- Used hard terms such as 'I used ' ধারে' instead of 'কাছে'

Learnings and Outcomes:

- Gained hands-on experience to write the breaking international news stories.
- Learned how to write such a sensitive report by verifying facts.
- Improved ability to translate foreign news into tight deadlines.
- Improved my knowledge by filtering information.
- Learned when and how to mention the primary sources in the news.
- Learned how to write news from live update information.
- Improved skills by interpreting aviation and terminology.
- Realized the importance of clarity and accuracy in such sensitive news.

Original News Story:

No survivors found after search of An-24 crash site in Russia’s Far East

The An-24 aircraft that crashed in Russia’s Amur Region caught fire during its descent, and no survivors were spotted during an aerial inspection of the site, the regional civil defense and fire safety center told TASS. "According to the director of Tynda Airport, the plane caught fire upon impact, and a Mi-8 helicopter crew flying over the area reported no signs of survivors," the statement says.

Preliminary reports indicate no survivors in An-24 crash in Russia's Amur Region. The area remains engulfed in flames, emergency services said. MOSCOW, July 24 (TASS).
All passengers and crew aboard the An-24 aircraft that crashed in the Amur Region are presumed dead, preliminary reports from emergency services indicate.

"Initial information indicates there are no survivors. Rescue helicopters have been unable to land at the crash site due to the challenging mountainous terrain. The area remains engulfed in flames," a source told TASS.
Emergency response services indicated that the aircraft was carrying 40 passengers, including two children, along with six crew members.

In turn, the Governor of the Amur Region, Vasily Orlov, stated that there were 43 passengers (including five children) and six crew members on board.

The An-24 aircraft operated by Angara Airlines (Irkutsk) lost contact with air traffic control today at approximately 1 p.m. local time (4 a.m. GMT) while performing flight Khabarovsk-Blagoveshchensk-Tynda. During the landing approach to Tynda Airport, the plane initiated a go-around procedure, after which contact was lost.

My Edited Copy

রুশ উড়োজাহাজ বিদ্ধস্থ, আরোহীদের বেঁচে থাকা নিয়ে শঙ্কা

স্টার অনলাইন ডেস্ক

প্রায় ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ার পূর্বাঞ্চলের আমুরে একটি যাত্রীবাহী উড়োজাহাজ বিদ্ধস্থ হয়েছে। প্রাথমিক অনুসন্ধান অনুযায়ী, এএন-২৪ মডেলের উড়োজাহাজটির আরোহীদের মধ্যে কেউ আর জীবিত নেই।

আজ এই তথ্য জানিয়েছে রাশিয়ার বার্তা সংস্থা তাস।

স্থানীয় জরুরি সেবা মন্ত্রণালয় জানিয়েছে, সাইবেরিয়াভিত্তিক আঙ্গারা এয়ারলাইনস পরিচালিত উড়োজাহাজটি চীন সীমান্তবর্তী আমুর অঞ্চলের শহর টিন্ডায় পৌঁছানোর সময় রাডার থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

টিন্ডা বিমানবন্দরের পরিচালক জানান, 'উড়োজাহাজটি মাটিতে আছড়ে পড়ার সময় আগুন ধরে যায়। আকাশপথে একটি এমআই-৮ হেলিকপ্টারের মাধ্যমে ঘটনাস্থল পরিদর্শন করে কোনো জীবিত ব্যক্তিকে শনাক্ত করতে পারেনি।'

আমুর সিভিল ডিফেন্স অ্যান্ড ফায়ার সেফটি সেন্টারের জানায়, নিখোঁজ উড়োজাহাজটির ধ্বংসাবশেষ টিন্ডা থেকে ১৬ কিলোমিটার দূরে একটি পাহাড়ের ধারে পাওয়া গেছে।

আমুর অঞ্চলের গভর্নর ভ্যাসিলি ওরলোভ জানান, উড়োজাহাজটিতে পাঁচ শিশু সহ ৪৩ জন যাত্রী এবং ছয়জন ক্রু ছিলেন

Final Edited Copy :

প্রায় ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ায় উড়োজাহাজ বিধ্বস্ত

স্টার অনলাইন ডেস্ক

প্রায় ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ার পূর্বাঞ্চলের আমুরে একটি যাত্রীবাহী উড়োজাহাজ বিধ্বস্ত হয়েছে। উদ্ধারকারীদের প্রাথমিক তথ্য অনুযায়ী, এএন-২৪ মডেলের এই উড়োজাহাজটির আরোহীদের মধ্যে কেউ আর জীবিত নেই।

আজ এই তথ্য জানিয়েছে রাশিয়ার বার্তা সংস্থা তাস।

স্থানীয় জরুরি সেবা মন্ত্রণালয় জানিয়েছে, সাইবেরিয়াভিত্তিক আঙ্গারা এয়ারলাইনস পরিচালিত উড়োজাহাজটি চীন সীমান্তবর্তী আমুর অঞ্চলের শহর টিন্ডায় যাচ্ছিল।

টিন্ডা বিমানবন্দরের পরিচালক জানান, 'উড়োজাহাজটি মাটিতে আছড়ে পড়ার সময় আগুন ধরে যায়। একটি এমআই-৮ হেলিকপ্টারের মাধ্যমে ঘটনাস্থল পরিদর্শন করে কোনো জীবিত ব্যক্তিকে শনাক্ত যায়নি।'

আমুর সিভিল ডিফেন্স অ্যান্ড ফায়ার সেফটি সেন্টার জানায়, উড়োজাহাজটির ধ্বংসাবশেষ টিন্ডা থেকে ১৬ কিলোমিটার দূরে একটি পাহাড়ের কাছে পাওয়া গেছে।

আমুর অঞ্চলের গভর্নর ভ্যাসিলি ওরলোভ জানান, উড়োজাহাজটিতে পাঁচ শিশু সহ ৪৩ জন যাত্রী এবং ছয়জন ক্রু ছিলেন।



Image 7.1: A screenshot of this news published on The Daily Star Bangla website.

Link: https://bangla.thedailystar.net/international/news-688416



রুশ উড়োজাহাজ বিদ্ধস্থ, আরোহীদের বেঁচে থাকা নিয়ে শঙ্কা

স্টার অনলাইন ডেস্ক

প্রায় ৫০ জন আরোহী নিয়ে রাশিয়ার পূর্বাঞ্চলের আমুরে একটি যাত্রীবাহী উড়োজাহাজ বিদ্ধস্থ হয়েছে। প্রাথমিক অনুসন্ধান অনুযায়ী, এএন-২৪ মডেলের উড়োজাহাজটির আরোহীদের মধ্যে কেউ আর জীবিত নেই।

আজ এই তথ্য জানিয়েছে রাশিয়ার বার্তা সংস্থা তাস।

স্থানীয় জরুরি সেবা মন্ত্রণালয় জানিয়েছে, সাইবেরিয়াভিত্তিক আঙ্গারা এয়ারলাইনস পরিচালিত উড়োজাহাজটি চীন সীমান্তবর্তী আমুর অঞ্চলের শহর টিন্ডায় পৌঁছানোর সময় রাডার থেকে বিচ্ছিন্ন হয়ে যায়।

টিন্ডা বিমানবন্দরের পরিচালক জানান, 'উড়োজাহাজটি মাটিতে আছড়ে পড়ার সময় আগুন ধরে যায়। আকাশপথে একটি এমআই-৮ হেলিকপ্টারের মাধ্যমে ঘটনাস্থল পরিদর্শন করে কোনো জীবিত ব্যক্তিকে শনাক্ত করতে পারেনি।'

আমুর সিভিল ডিফেন্স অ্যান্ড ফায়ার সেফটি সেন্টারের জানায়, নিখোঁজ উড়োজাহাজটির ধ্বংসাবশেষ টিন্ডা থেকে ১৬ কিলোমিটার দূরে একটি পাহাড়ের ধারে পাওয়া গেছে।

আমুর অঞ্চলের গভর্নর ভ্যাসিলি ওরলোভ জানান, উড়োজাহাজটিতে পাঁচ শিশু সহ ৪৩ জন যাত্রী এবং ছয়জন ক্রু ছিলেন।

Image 7.2: I have written this news in MS Word.



Image 7.3: After completing this writing, I have submitted my writing to sub-editor Abu Sadik.

Project 8

Project Title: ইসরায়েলের যুদ্ধে গাজায় অপুষ্টিতে অন্তত ৬৬ শিশুর মৃত্যু

Project Type: International News

Date Assigned: 29 June 2025

Date Published: 29 June 2025

Project Details: This news covers the humanitarian crisis in Gaza, where at least 66 children died due to malnutrition, which was caused by Israel's blockade during the ongoing war. Besides, it highlighted that food, milk, and other aid are not entering Gaza, which makes people suffer. In this issue, the Gaza media office called this a war crime and blamed Israel and its allies, the US, the UK, France, and Germany. Besides, this report reflected that the number of malnourished children in Gaza is increasing quickly.

The sub-editor Arafath Shetu assigned me this task and asked me to write a news story within one hour.

Roles and Responsibilities: In this project my role was to follow the updates on child deaths in Gaza and write the news based on that update information. And completed the news in simple sentences by ensuring the accurate update information was provided.

Challenges: To complete this project I faced some challenges. I took time to simplify the international statements and complex data without losing their statements. Besides, I had to face challenges to deal with sensitive and emotional content by maintaining professionalism and balance.

Mistakes:

- Little mistakes on the title.
- Did not mention the day (I did not write "রোববার" when I got the update of the news).
- Directly write the month name without mentioning adverbs of time.
- Wrote ৫,১১৯ in numeric instead of পাঁচ হাজার ১১৯.
- Made a little mistake in the intro. (I wrote অপুষ্টিতে instead of অপুষ্টির শিকার হয়ে.)

Learnings and Outcomes:

- Gained hands-on experience on how to write breaking news within a short time.
- Learned how to handle sensitive international news.
- Learned how to write a proper title and intro for the news.

- Improved my skills to simplify the complex data.
- Gained more confidence to handle difficult topics in journalism.

Original News Story:

At least 66 children dead of malnutrition in Gaza amid Israel’s war

UNICEF says the number of malnourished children in the Gaza Strip is rising at an ‘alarming rate’.

At least 66 children have died of malnutrition in Gaza over the course of Israel’s war, authorities in the Palestinian enclave said, condemning a tightened Israeli siege that has prevented the entry of milk, nutritional supplements and other food aid.

The statement from Gaza’s Government Media Office on Saturday comes as Israeli forces intensified their attacks on the territory, killing at least 60 Palestinians, including 20 people in the Tuffah neighbourhood of Gaza City.

The media office said Israel’s deadly blockade constitutes a “war crime” and reveals its “deliberate use of starvation as a weapon to exterminate civilians”.

The office denounced what it called “this ongoing crime against childhood in the Gaza Strip” as well as “the shameful international silence regarding the suffering of children who are left to fall prey to hunger, disease, and slow death”.

It also said it holds Israel, as well as its allies, including the United States, the United Kingdom, France and Germany, responsible for “this catastrophe”, and urged the United Nations to intervene and open the crossings into Gaza immediately.

The statement came days after the UN agency for children (UNICEF) warned that the number of malnourished children in the Gaza Strip was rising at an “alarming rate”. It said that at least 5,119 children, between 6 months and 5 years of age, had been admitted for treatment for acute malnutrition in May alone.

My Edited copy:

ইসরায়েলের যুদ্ধে গাজায় অপুষ্টিতে অন্তত ৬৬ শিশুর মৃত্যু

স্টার অনলাইন রিপোর্ট

গাজায় ইসরায়েলের চলমান যুদ্ধ ও অবরোধের মধ্যে অপুষ্টিতে অন্তত ৬৬ শিশুর মৃত্যু হয়েছে।

গাজার সরকারি মিডিয়া দপ্তরের বরাত দিয়ে আজ এই তথ্য জানিয়েছে আলজাজিরা।

দুধ, পুষ্টিকর খাবার ও অন্যান্য খাদ্য সহায়তা প্রবেশে ইসরায়েলের বাঁধায় এমন মৃত্যুর ঘটনা ঘটেছে বলে বিবৃতিতে জানায় দপ্তরটি।

বিবৃতিতে ইসরায়েলের এই বাধাকে যুদ্ধাপরাধ আখ্যা দিয়ে বলা হয় বেসামরিক নাগরিকদের নির্মূলে 'অনাহারে' রাখাকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে ইসরায়েল।

পাশাপাশি শিশুদের ওপর চলা এই অপরাধে আন্তর্জাতিক সম্প্রদায়ের নীরবতার নিন্দা জানানো হয়।

এই মানবিক বিপর্যয়ের জন্য ইসরায়েলের পাশাপাশি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানিসহ ইসরায়েলের মিত্রদেরও দায়ী করা হয়।

একই সঙ্গে জাতিসংঘকে দ্রুত হস্তক্ষেপ করে গাজায় মানবিক সহায়তা প্রবেশের পথ খুলে দিতে আহ্বান জানানো হয়।

এর আগে ইউনিসেফ সতর্ক করে জানায়, গাজায় অপুষ্টিতে আক্রান্ত শিশুদের সংখ্যা আশঙ্কাজনক হারে বাড়ছে। সংস্থাটির তথ্যমতে, মে মাসে ৬ মাস থেকে ৫ বছর বয়সী অন্তত ৫,১১৯ শিশুকে তীব্র অপুষ্টির চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

ইউনিসেফ আরও জানায়, এপ্রিল মাসে এ সংখ্যা ছিল ৩,৪৪৪ । ফেব্রুয়ারি থেকে মে'র মধ্যে অপুষ্টিতে আক্রান্ত শিশুর সংখ্যা প্রায় ১৫০ শতাংশ বেড়েছে।

বিবৃতিতে আরও জানানো হয়, শনিবার ইসরায়েলি বাহিনী গাজার বিভিন্ন এলাকায় হামলা চালিয়ে অন্তত ৬০ ফিলিস্তিনিকে হত্যা করেছে।

Final Edited Copy:

ইসরায়েলি হামলার মধ্যে গাজায় অপুষ্টিতে অন্তত ৬৬ শিশুর মৃত্যু

গাজায় ইসরায়েলের চলমান যুদ্ধ ও অবরোধের মধ্যে অপুষ্টির শিকার হয়ে অন্তত ৬৬ শিশুর মৃত্যু হয়েছে।

গাজার সরকারি মিডিয়া দপ্তরের বরাত দিয়ে আজ রোববার এই তথ্য জানিয়েছে আল জাজিরা।

দুধ, পুষ্টিকর খাবার ও অন্যান্য খাদ্য সহায়তা প্রবেশে ইসরায়েলের বাধায় এমন মৃত্যুর ঘটনা ঘটেছে বলে বিবৃতিতে জানায় দপ্তরটি।

বিবৃতিতে ইসরায়েলের এই বাধাকে 'যুদ্ধাপরাধ' আখ্যা দিয়ে বলা হয়, বেসামরিক নাগরিকদের নির্মূলে 'অনাহারে' রাখাকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে ইসরায়েল।

পাশাপাশি শিশুদের ওপর চলা এই অপরাধে আন্তর্জাতিক সম্প্রদায়ের নীরবতারও নিন্দা জানানো হয়।

এই মানবিক বিপর্যয়ের জন্য ইসরায়েলের পাশাপাশি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানিসহ ইসরায়েলের মিত্রদেরও দায়ী করা হয়।

একইসঙ্গে জাতিসংঘকে দ্রুত হস্তক্ষেপ করে গাজায় মানবিক সহায়তা প্রবেশের পথ খুলে দেওয়ার আহ্বান জানানো হয়।

এর আগে, ইউনিসেফ সতর্ক করে জানায় যে, গাজায় অপুষ্টিতে আক্রান্ত শিশুদের সংখ্যা আশঙ্কাজনক হারে বাড়ছে। সংস্থাটির তথ্যমতে, গত মে মাসে ছয় মাস থেকে পাঁচ বছর বয়সী অন্তত পাঁচ হাজার ১১৯ শিশুকে তীব্র অপুষ্টির চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

ইউনিসেফ আরও জানায়, এপ্রিলে এ সংখ্যা ছিল তিন হাজার ৪৪৪ জন। ফেব্রুয়ারি থেকে মে'র মধ্যে অপুষ্টিতে আক্রান্ত শিশুর সংখ্যা প্রায় ১৫০ শতাংশ বেড়েছে।

বিবৃতিতে আরও জানানো হয়, গতকাল শনিবার ইসরায়েলি বাহিনী গাজার বিভিন্ন এলাকায় হামলা চালিয়ে অন্তত ৬০ ফিলিস্তিনিকে হত্যা করেছে।

শুক্রবার, আগস্ট ১, ২০২৫

The Daily Star বাংলা

আজকের সংবাদ English

বাংলাদেশ আন্তর্জাতিক মতামত স্বাস্থ্য খেলা বাণিজ্য বিনোদন জীবনযাপন সাহিত্য শিক্ষা প্রযুক্তি প্রবাসে

আন্তর্জাতিক

স্টার অনলাইন রিপোর্ট

রোববার জুন ২৯, ২০২৫ ০৮:৩৬ অপরাহ্ণ

সর্বশেষ আপডেট: রোববার জুন ২৯, ২০২৫ ০৮:৩৬ অপরাহ্ণ

ইসরায়েলি হামলার মধ্যে গাজায় অপুষ্টিতে অন্তত ৬৬ শিশুর মৃত্যু

গাজার ধ্বংসস্তূপের সামনে শিশুরা। ছবি: ইউনিসেফের ওয়েবসাইট থেকে

গাজায় ইসরায়েলের চলমান যুদ্ধ ও অবরোধের মধ্যে অপুষ্টির শিকার হয়ে অন্তত ৬৬ শিশুর মৃত্যু হয়েছে।

পড়তে পারেন

১ বাংলাদেশ ব্যাংকের লাল তালিকায় ২০ এনবিএফআই

২ নোনাজলে ভেসে যাচ্ছে সাতক্ষীরার মুন্ডা শিশুদের ভবিষ্যৎ

